# BENGALI TRANSLATION of the Department for Education statutory guidance for schools and colleges:

## Keeping children safe in education 2026

## Part one: Information for all school and college staff

Find KCSIE Part 1 translated into 12 community languages at
**kcsietranslate.lgfl.net**

NB This translation goes up to and includes the flowchart on page 27 of part one

Department
for Education

# শিক্ষাক্ষেত্রে শিশুদের সুরক্ষিত রাখা 2026

## স্কুল এবং কলেজের জন্য বিধিবদ্ধ নির্দেশিকা

সেপ্টেম্বর 2026

# সারাংশ

## এই নির্দেশিকার অবস্থা

এটি শিক্ষা বিভাগ (‘বিভাগ’) কর্তৃক শিক্ষা আইন 2002-এর ধারা 175 (সংশোধিত), Education (Independent School Standards) Regulations 2014, Non-Maintained Special Schools (England) Regulations 2015 এবং Apprenticeships, Skills, Children and Learning Act 2009 (সংশোধিত)-এর অধীনে জারি করা বিধিবদ্ধ নির্দেশিকা। শিশুদের কল্যাণ রক্ষা এবং সুরক্ষার দায়িত্ব পালন করার সময় ইংল্যান্ডের স্কুল এবং কলেজগুলিকে অবশ্যই এই নির্দেশিকা বিবেচনা করতে হবে। এই নির্দেশিকার উদ্দেশ্যে ‘শিশু’ বলতে 18 বছরের কম বয়সী প্রত্যেককে বোঝানো হয়েছে।

## এই নির্দেশিকা সম্পর্কে

আমরা এই নির্দেশিকা জুড়ে “**অবশ্যই**” এবং “**উচিত**” শব্দগুলি ব্যবহার করি।

কোনও ব্যক্তির আইনত কিছু করা বাধ্যতামূলক হলে আমরা “**অবশ্যই**” শব্দটি ব্যবহার করি, আর যেসব ক্ষেত্রে যথেষ্ট কারণ না থাকলে পরামর্শ অনুসরণ করা উচিত, সেসব ক্ষেত্রে আমরা “**উচিত**” শব্দটি ব্যবহার করি। এই নির্দেশিকাটি নিম্নলিখিত বিষয়গুলির সাথে একত্রে পড়া উচিত:

- বিধিবদ্ধ নির্দেশিকা Working Together to Safeguard Children (শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা), এবং
- বিভাগীয় পরামর্শ What to do if you're worried a child is being abused: advice for practitioners (আপনি যদি চিন্তিত থাকেন যে কোনও শিশুকে লাঞ্ছনা করা হচ্ছে: অনুশীলনকারীদের জন্য পরামর্শ), এবং
- বিধিবদ্ধ নির্দেশিকা, Early years foundation stage (EYFS) statutory framework - GOV.UK (আর্লি ইয়ার্স ফাউন্ডেশন স্টেজ বিধিবদ্ধ কাঠামো)-এর ধারা 3 (স্কুল-ভিত্তিক নার্সারি এবং রিসেপশনে 0 থেকে 5 বছর বয়সী শিশুদের জন্য)।

**যদি না অন্যভাবে উল্লেখ করা হয়:**

- ‘**স্কুল**’ বলতে বোঝায়: মেইনটেইনড, নন-মেইনটেইনড বা স্বতন্ত্র (ইন্ডিপেন্ডেন্ট) স্কুল (একাডেমি, ফ্রি স্কুল এবং বিকল্প ব্যবস্থা একাডেমি সহ), মেইনটেইনড নার্সারি স্কুল[1] এবং পিউপিল রেফারাল ইউনিট সহ সমস্ত স্কুল।
- ‘**কলেজ**’ বলতে Further and Higher Education Act 1992-এর অধীনে প্রতিষ্ঠিত ফারদার এডুকেশন কলেজ এবং সিক্সথ-ফর্ম কলেজ এবং ফারদার এডুকেশন সেক্টরের অন্তর্ভুক্ত বলে চিহ্নিত প্রতিষ্ঠানগুলিকে বোঝায়।[2] কলেজ বলতে Apprenticeships, Skills, Children and Learning Act 2009-এ উল্লিখিত পোস্ট-16 শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠানগুলিকেও বোঝায় (সংশোধিত)।[3] 16-19 একাডেমি, স্পেশাল পোস্ট-16 প্রতিষ্ঠান এবং স্বতন্ত্র প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান। কলেজগুলির ক্ষেত্রে, এই নির্দেশিকা সেইসব শিশুদের প্রতি তাদের দায়িত্বের সাথে সম্পর্কিত যারা এই প্রতিষ্ঠানগুলিতে শিক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করছে।

## ভুক্তভোগী এবং অভিযুক্ত অপরাধী(রা)

এই নির্দেশিকার উদ্দেশ্যে, আমরা কোথাও কোথাও ‘**ভুক্তভোগী**’ শব্দটি ব্যবহার করি। এটি একটি ব্যাপকভাবে স্বীকৃত এবং বোধগম্য শব্দ। স্কুল এবং কলেজের জন্য এটি বোঝা গুরুত্বপূর্ণ যে, যারা লাঞ্ছনার শিকার হয়েছে তাদের সকলেই নিজেদের ভুক্তভোগী মনে করেন না বা এভাবে বর্ণিত হতে চান

[1] আর্লি ইয়ার্স ফাউন্ডেশন স্টেজ কাঠামো (EYFS) সমস্ত আর্লি ইয়ার্স প্রদানকারীর জন্য বাধ্যতামূলক। এটি আর্লি ইয়ার্স ব্যবস্থা আছে এমন মেইনটেইনড নার্সারি স্কুল সহ সমস্ত স্কুলের ক্ষেত্রে প্রযোজ্য। মেইনটেইনড নার্সারি স্কুলগুলিকে, এই নির্দেশিকায় তালিকাভুক্ত অন্যান্য স্কুলের মতোই, শিশুদের কল্যাণ রক্ষা এবং সুরক্ষার দায়িত্ব পালন করার সময় শিক্ষাক্ষেত্রে শিশুদের সুরক্ষিত রাখা নির্দেশিকা বিবেচনা করতে হবে (শিক্ষা আইন 2002-এর ধারা 175(2) অনুযায়ী – এই শর্তের বিস্তারিত বিবরণের জন্য ফুটনোট 19 দেখুন)।

[2] Further and Higher Education Act 1992-এর ধারা 28-এর অধীনে (‘চিহ্নিত প্রতিষ্ঠান’)।

[3] Apprenticeships, Skills, Children and Learning Act 2009 (সংশোধিত)

না। শেষ পর্যন্ত, যেকোনো ঘটনা সামলানোর সময় স্কুল এবং কলেজগুলির এই বিষয়ে সচেতন থাকা উচিত এবং শিশু যে পরিভাষায় সবচেয়ে স্বাচ্ছন্দ্যবোধ করে তা ব্যবহার করতে প্রস্তুত থাকা উচিত।

এই নির্দেশিকার উদ্দেশ্যে, আমরা কোথাও কোথাও '**অভিযুক্ত অপরাধী(রা)**' শব্দটি এবং যেখানে উপযুক্ত সেখানে '**অপরাধী(রা)**' শব্দটি ব্যবহার করি। এগুলি ব্যাপকভাবে ব্যবহৃত ও স্বীকৃত শব্দ এবং নির্দেশিকা কার্যকরভাবে প্রণয়নে সহায়ক হওয়ার দিক থেকে সবচেয়ে উপযুক্ত। তবে, স্কুল এবং কলেজগুলির পরিভাষা সম্পর্কে অত্যন্ত সতর্কতার সাথে চিন্তা করা উচিত, বিশেষত শিশুদের সামনে কথা বলার সময়, কারণ কোনো কোনো ক্ষেত্রে ওই ক্ষতিকর আচরণ অপরাধীর ক্ষেত্রেও ক্ষতিকর হয়ে থাকতে পারে। উপরে উল্লিখিত হিসাবে, উপযুক্ত পরিভাষার ব্যবহার প্রতিটি ক্ষেত্রে স্কুল এবং কলেজগুলিকেই যথাযথভাবে নির্ধারণ করতে হবে।

## নগ্ন এবং অর্ধনগ্ন ছবি, এআই (AI) দ্বারা তৈরি করা হলেও

এই নির্দেশিকার উদ্দেশ্যে, '**নগ্ন এবং অর্ধনগ্ন ছবি তৈরি করা বা শেয়ার করা**' বলতে 18 বছরের কম বয়সী তরুণ-তরুণীদের দ্বারা নগ্ন বা অর্ধনগ্ন ছবি তৈরি, পাঠানো বা পোস্ট করাকে বোঝানো হয়েছে। '**ছবি**' শব্দটির মধ্যে ফটোগ্রাফ, ভিডিও এবং লাইভস্ট্রিম সহ সমস্ত ভিজ্যুয়াল কনটেন্ট অন্তর্ভুক্ত।

আমরা '**নগ্ন ছবি**' শব্দটি ব্যবহার করি কারণ তরুণ-তরুণীদের কাছে এটিই সবচেয়ে বেশি বোধগম্য এবং এই নির্দেশিকায় অন্তর্ভুক্ত ছবি শেয়ার করার সমস্ত ধরনের আচরণকে এটি সবচেয়ে ভালোভাবে বোঝাতে পারে।

ছবি শিশু নিজেই তুলতে পারে (একে কখনও কখনও 'স্ব-নির্মিত চিত্র' বলা হয়) অথবা অন্য কোনো ব্যক্তি তুলতে বা তৈরি করতে পারে। এগুলি ডিজিটালভাবে পরিবর্তিত হতে পারে অথবা সম্পূর্ণভাবে কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহার করে তৈরি করা হতে পারে, যাকে কখনও কখনও 'ডিপফেক' বা 'ডিপ নুড' বলা হয়।

## ডেটা প্রোটেকশন অ্যাক্ট 2018, UK GDPR এবং ডেটা (ব্যবহার এবং অ্যাক্সেস) অ্যাক্ট 2025 – 'ডেটা প্রোটেকশন আইন'

এই নির্দেশিকা জুড়ে, '**ডেটা প্রোটেকশন আইন**' শব্দটি সম্মিলিতভাবে ডেটা প্রোটেকশন অ্যাক্ট 2018, UK জেনারেল ডেটা প্রোটেকশন রেগুলেশন (UK GDPR), এবং ডেটা (ব্যবহার এবং অ্যাক্সেস) অ্যাক্ট 2025-কে বোঝায়।

## এই নির্দেশিকা কাদের জন্য

**এই বিধিবদ্ধ নির্দেশিকা নিম্নলিখিতদের পড়া এবং অনুসরণ করা উচিত:**

- **মেইনটেইনড স্কুল (মেইনটেইনড নার্সারি স্কুল সহ)** এবং কলেজের প্রশাসনিক কর্তৃপক্ষ, যার মধ্যে Apprenticeships, Skills, Children and Learning Act 2009 (সংশোধিত)-এ উল্লিখিত পোস্ট-16 শিক্ষা প্রদানকারী প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত: 16-19 একাডেমি, স্পেশাল পোস্ট-16 প্রতিষ্ঠান এবং স্বতন্ত্র প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান,
- **স্বতন্ত্র (ইন্ডিপেন্ডেন্ট) স্কুল** (একাডেমি, ফ্রি স্কুল এবং বিকল্প ব্যবস্থা একাডেমি সহ) এবং নন-মেইনটেইনড স্পেশাল স্কুলের স্বত্বাধিকারী। একাডেমি, ফ্রি স্কুল এবং বিকল্প ব্যবস্থা একাডেমির ক্ষেত্রে, স্বত্বাধিকারী হবে একাডেমি ট্রাস্ট,
- **পিউপিল রেফারাল ইউনিট** (PRU)-**এর ব্যবস্থাপনা কমিটি,** এবং
- **ঊর্ধ্বতন নেতৃত্বের দল**

এই নির্দেশিকা জুড়ে, '**প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারী**' শব্দবন্ধের উল্লেখের মধ্যে, যদি না অন্যভাবে বলা হয়, ব্যবস্থাপনা কমিটিও অন্তর্ভুক্ত।

## স্কুল এবং কলেজের কর্মী

স্কুল বা কলেজে কর্মরত **প্রত্যেকের** নিজের সুরক্ষা সংক্রান্ত দায়িত্ব বোঝা অপরিহার্য। প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারীদের নিশ্চিত করা উচিত যে, যেসব কর্মী সরাসরি শিশুদের সাথে কাজ করেন তারা **অন্তত** এই নির্দেশিকার **প্রথম ভাগ** পড়েন।

প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারীদের, তাদের উর্ধ্বতন নেতৃত্বের দল এবং বিশেষত তাদের মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্বের (DSL) সাথে কাজ করে, এখন এটিও নিশ্চিত করা উচিত যে যেসব কর্মী সরাসরি শিশুদের সাথে কাজ করেন না তারাও এই নির্দেশিকার **প্রথম ভাগ** পড়েন।

প্রশাসনিক কর্তৃপক্ষ এবং স্বত্বাধিকারীদের নিশ্চিত করা উচিত যে, এই নির্দেশিকার প্রথম ভাগে বর্ণিত তাদের ভূমিকা এবং দায়িত্ব বোঝা এবং পালন করতে কর্মীদের সহায়তা করার জন্য যথাযথ ব্যবস্থা রয়েছে।

## এই নির্দেশিকা কী প্রতিস্থাপন করে

এই নির্দেশিকা শিক্ষাক্ষেত্রে শিশুদের সুরক্ষিত রাখা সেপ্টেম্বর 2025 সংস্করণকে প্রতিস্থাপন করে। পরিবর্তনগুলির একটি সারসংক্ষেপ পরিশিষ্ট C-তে অন্তর্ভুক্ত করা হয়েছে।

# প্রথম ভাগ: সমস্ত কর্মীদের জন্য সুরক্ষার তথ্য

## স্কুল এবং কলেজের কর্মীদের কি জানা এবং করা উচিত

### সুরক্ষা প্রদান করার উদ্দেশ্যে একটি শিশুকেন্দ্রিক এবং সমন্বিত পদ্ধতি

1. স্কুল এবং কলেজ আর তাদের কর্মীরা অপ্রাপ্তবয়স্কদের বৃহত্তর সুরক্ষা ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। এই সিস্টেমটি সংবিধিবদ্ধ নির্দেশিকা শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা-তে বর্ণিত হয়েছে।

2. শিশুদের কল্যাণ রক্ষা ও প্রসার করা প্রত্যেকেরই দায়িত্ব। **'অপ্রাপ্তবয়স্ক'** বলতে 18 বছরের কম বয়সী প্রত্যেককে বোঝায়। এই দায়িত্বটি কার্যকরভাবে সম্পন্ন করার জন্য, সমস্ত অনুশীলনকারীদের নিশ্চিত করা উচিত যে তাদের পদ্ধতি যেন অপ্রাপ্তবয়স্ক কেন্দ্রিক হয়। এর মানে হল তাদের সবসময় শিশুটির সেরা স্বার্থের কথা বিবেচনা করা উচিত।

3. কোনও একক অনুশীলনকারীর পক্ষে একটি অপ্রাপ্তবয়স্কর সমস্ত প্রয়োজন ও পরিস্থিতির বিষয়ে জানা সম্ভব নয়। শিশু এবং পরিবারগুলিকে সঠিক সময়ে সঠিক সহায়তা দিতে চাইলে, যারা তাদের সংস্পর্শে আছেন, তাদের প্রত্যেককে উদ্বেগ শনাক্ত করার, তথ্য জানানোর এবং অবিলম্বে পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে ভূমিকা পালন করতে হবে। অপ্রাপ্তবয়স্কদের কল্যাণ রক্ষা ও প্রচার করার এই নির্দেশিকার উদ্দেশ্যে নিম্নোক্ত বিষয়গুলি সংজ্ঞায়িত করা হয়েছে:

- সমস্যা যখনই দেখা গেছে তখনই এতটুকু দেরি না করে শিশুদের প্রয়োজন পূরণ করতে উপযুক্ত সহায়তা ও সমর্থন প্রদান করা,
- শিশুদের অপব্যবহার ও খারাপ অভিজ্ঞতার হাত থেকে রক্ষা করা, তা সে ঘরের বাইরে বা ভিতরে যেখানেই হোক না কেন, এমনকি এর মধ্যে অনলাইন মাধ্যমও পড়ে,
- অপ্রাপ্তবয়স্কদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য বা বিকাশের প্রতিবন্ধকতা প্রতিরোধ,
- নিরাপদ ও কার্যকরী পরিচর্যার বিধান অনুসারে সামঞ্জস্যপূর্ণ অবস্থায় শিশুদের বড় হয়ে ওঠা নিশ্চিত করা, এবং
- সেরা ফলাফল পেতে সমস্ত শিশুদের সক্রিয় করার জন্য পদক্ষেপ গ্রহণ।

### স্কুল এবং কলেজের কর্মীদের ভূমিকা

4. স্কুল এবং কলেজের কর্মীরা এমন অবস্থানে থাকেন যেখান থেকে তারা শীঘ্র উদ্বেগ শনাক্ত করতে, শিশুদের সহায়তা প্রদান করতে এবং উদ্বেগ যাতে না বাড়ে তা প্রতিরোধ করতে পারেন।

5. শিশুদের জন্য সুরক্ষিত শিক্ষার পরিবেশ গড়ে তোলা সকল কর্মচারীদেরই দায়িত্বের মধ্যে পড়ে।

6. সকল কর্মীকে এমন শিশুদের শনাক্ত করার জন্য প্রস্তুত থাকতে হবে যারা পারিবারিক সাহায্য থেকে উপকৃত হতে পারে।[4] পারিবারিক সাহায্যের অর্থ হল শিশুর জীবনের সবচেয়ে ছোট অবস্থা থেকে শুরু করে তার কিশোরাবস্থা পর্যন্ত যেকোনও সময়ে যেকোনও ধরনের সমস্যা দেখা দেওয়ার সাথে সাথে সহায়তা প্রদান করা।

7. যেসব কর্মী সদস্য যার বাচ্চাদের কল্যাণ সম্পর্কে কোনও উদ্বেগ বা উৎকণ্ঠা রয়েছে, তাদের 57-63 নম্বর অনুচ্ছেদে বর্ণিত প্রক্রিয়াগুলি অনুসরণ করে চলতে হবে। আশা করা হয় যে কর্মীদের যে কোন রেফারেল অনুসারে শিশুদের সমাজসেবা এবং অন্যান্য সংস্থাকে সহায়তা করবে।

8. প্রতিটি স্কুল এবং কলেজে একটি নির্দিষ্ট করা সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব থাকা উচিত যারা সংশ্লিষ্ট সংস্থার কর্মীদের সুরক্ষা সংক্রান্ত দায়িত্বগুলি পালনের ক্ষেত্রে তাদের সহায়তা করবেন এবং যারা স্থানীয় কর্তৃপক্ষের শিশুদের সামাজিক যত্ন প্রদানের মতো মতো অন্যান্য পরিষেবাগুলির কার্যক্রমের সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্ক রেখে চলবেন।

9. এই মনোনীত সেফগার্ডিং লীড (এবং কোন ডেপুটি) সম্ভবত শিক্ষাক্ষেত্রে সুরক্ষার সম্পূর্ণ বিষয়টি বুঝবেন এবং সুরক্ষা সংক্রান্ত উদ্বেগে প্রতিক্রিয়ায় পরামর্শ দেওয়ায় তিনি সর্বোপযুক্ত ব্যক্তি হবেন।

10. শিক্ষকদের মান 2012-তে বলা হয়েছে যে শিক্ষকরা (যার মধ্যে প্রধান শিক্ষকেরাও অন্তর্ভুক্ত) তাদের পেশাগত কর্তব্যের অঙ্গ হিসেবে শিশুদের কল্যাণ রক্ষা করবে এবং শিক্ষার পেশায় জনসাধারণের আস্থা বজায় রাখবে।[5]

### স্কুল এবং কলেজের কর্মীদের যা জানা দরকার

11. স্কুল ও কলেজের অন্তর্গত যেসব সিস্টেম এই সুরক্ষা সুনিশ্চিত করার লক্ষ্যে কাজ করে সেগুলির ব্যাপারে সংশ্লিষ্ট সংস্থার সমস্ত কর্মচারীদের সচেতন থাকতে হবে এবং কর্মচারীদের নিয়োগ করার সময়ই সংস্থার ব্যাপারে প্রয়োজনীয় তথ্য প্রদান করার অঙ্গ হিসাবে তাদের এইসব বিষয় বয়াখ্যা করে বুঝিয়ে দিতে হবে। এর মধ্যে এইগুলি থাকা উচিত:

[4] পারিবারিক সাহায্যের বিষয়ে বিস্তারিত তথ্য Working Together to Safeguard Children (শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা) লিঙ্কে পাওয়া যেতে পারে।

[5] 'Teachers' Standards (শিক্ষকদের মান)

- অপ্রাপ্তবয়স্ক সুরক্ষা নীতি (যাতে অন্যান্য বিষয়ের মধ্যে অপ্রাপ্তবয়স্কর দ্বারা অপ্রাপ্তবয়স্ক লাঞ্ছনা সামলানোর নীতি এবং প্রক্রিয়াও অন্তর্ভুক্ত করা উচিত),
- আচরণ সংক্রান্ত নীতি (যার মধ্যে শাসানি বা হয়রানি প্রতিরোধ করার ব্যবস্থা অন্তর্ভুক্ত করতে হবে, যার মধ্যে সাইবার হয়রানি, পক্ষপাতদুষ্ট এবং বৈষম্যমূলক হয়রানিও পড়ে),[6]
- কর্মীদের আচরণ নীতি (কখনও কখনও আচরণবিধিও বলা হয়) অন্যান্য বিষয়গুলির ক্ষেত্রেও থাকা উচিত, যার মধ্যে নিম্ন-স্তরের উদ্বেগ, কর্মীদের বিরুদ্ধে অভিযোগ এবং হুইসেলব্লোয়িঙ অন্তর্ভুক্ত করা উচিত,
- শিক্ষা থেকে অনুপস্থিত থাকা শিশুদের, বিশেষত যারা বারবার এবং/অথবা দীর্ঘ সময় ধরে অনুপস্থিত থাকে, তাদের জন্য সুরক্ষামূলক প্রতিক্রিয়া, এবং
- মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্বের ভূমিকা (মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব এবং যেকোনো ডেপুটির পরিচয় সহ)।

ইন্ডাকশনের সময় নীতিগুলির অনুলিপি এবং এই নথির **প্রথম ভাগের** একটি অনুলিপি **সকল** কর্মীদের প্রদান করা উচিত।

12. সমস্ত কর্মীদের চাকরিতে নিয়োগ করার পরে তাদের যথাযথ সুরক্ষা প্রদান ও শিশুদের সুরক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ (এর মধ্যে অনলাইনে সুরক্ষিত থাকার মতো সেইসব বিষয় পড়ে যেগুলির মধ্যে অন্যান্য বিষয়ের সাথে এগুলি নিয়েও আলোচনা করা হয়, যেমন - কোনও প্রত্যাশার বিষয়কে বোঝা, ফিল্টার ও মনিটর করার সাথে সম্পর্কিত প্রযোজ্য ভূমিকা ও দায়িত্ব ইত্যাদি – অতিরিক্ত তথ্য পেতে KCSIE-এর প্যারাগ্রাফ 173-177 দেখুন) দিতে হবে। এই প্রশিক্ষণ নিয়মিত আপডেট করা উচিত। এছাড়াও, প্রয়োজন অনুযায়ী, সব কর্মচারীদের সুরক্ষা প্রদান করা ও শিশুদের সুরক্ষা সংক্রান্ত (অনলাইন সুরক্ষা সহ) আপডেট (উদাহরণস্বরূপ, ইমেল, ই-বুলেটিন ও কর্মীদের জন্য আয়োজিত মিটিংয়ের মাধ্যমে প্রদান করা) গ্রহণ করতে হবে এবং অন্তত বছরে একবার এই প্রশিক্ষণ নিতে হবে যাতে তাদের সেইসব প্রাসঙ্গিক দক্ষতা ও জ্ঞান প্রদান করা যায় যার মাধ্যমে তারা কার্যকরীভাবে শিশুদের সুরক্ষা প্রদান করতে পারবেন।

13. কমিউনিটি-ভিত্তিক পারিবারিক সাহায্য মূল্যায়নের প্রক্রিয়া সম্পর্কে সকল কর্মীকে সচেতন থাকতে হবে:

- কোন পর্যায়ে এবং কী মাত্রার প্রয়োজনে একটি কেস পারিবারিক সাহায্য ও পরিষেবার জন্য রেফার করা উচিত, তার মানদণ্ড, যেমন:
  - টার্গেটেড আর্লি হেল্প স্তর (চিলড্রেন অ্যাক্ট 2004-এর ধারা 10 এবং 11-এর অধীনে), এবং
  - চিলড্রেন অ্যাক্ট 1989-এর ধারা 17-এর অধীনে প্রদত্ত বিধিবদ্ধ পরিষেবা (সহায়তার প্রয়োজন থাকা শিশু, প্রতিবন্ধী শিশুদের ক্ষেত্রে এটি কীভাবে প্রযোজ্য তা সহ)
- কোন পর্যায়ে এবং কী মাত্রার প্রয়োজনে একটি কেস মূল্যায়নের জন্য এবং চিলড্রেন অ্যাক্ট 1989-এর ধারা 47 (কোনও শিশু উল্লেখযোগ্য ক্ষতির শিকার হচ্ছে বা হওয়ার আশঙ্কা রয়েছে বলে সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ) অনুযায়ী বিধিবদ্ধ[4] পরিষেবার জন্য স্থানীয় কর্তৃপক্ষের শিশুদের সামাজিক যত্নে রেফার করা উচিত, তার মানদণ্ড
  - চিলড্রেন অ্যাক্ট 1989-এর ধারা 31 (কেয়ার এবং সুপারভিশন অর্ডার), এবং
  - চিলড্রেন অ্যাক্ট 1989-এর ধারা 20 (শিশুকে আবাসন প্রদানের দায়িত্ব)
- এবং নিম্নলিখিত বিষয়ের সাথে সম্পর্কিত কেসগুলির জন্য সুস্পষ্ট প্রক্রিয়া ও পদ্ধতি:
  - শিশুদের লাঞ্ছনা, অবহেলা এবং শোষণ
  - ইয়ুথ সিকিউর এস্টেটের মধ্যে পরিচালিত শিশু
  - প্রতিবন্ধী শিশু

14. কোনও বাচ্চা তাকে লাঞ্ছনা, নিপীড়ন বা অবহেলা করা হচ্ছে বলে জানালে কী করণীয় তা সকল কর্মীদের জানতে হবে। গোপনীয়তার যথাযথ মাত্রা বজায় রাখতে প্রয়োজনীয় বিষয়গুলি কিভাবে নিয়ন্ত্রণ করবেন কর্মীদের তা অবশ্যই জানা উচিত। এর অর্থ শুধু তাদের জড়িত রাখতে হবে যাদেরকে জড়ানো দরকার, যেমন মনোনীত সুরক্ষাপ্রধান (বা একজন ডেপুটি) এবং লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশাল কেয়ার। কর্মীর কখনই অপ্রাপ্তবয়স্ককে প্রতিশ্রুতি দেওয়া উচিত নয় যে তিনি কাউকে লাঞ্ছনার রিপোর্টের কথা বলবেন না, কারণ তা ঐ অপ্রাপ্তবয়স্কর সেরা স্বার্থে নাও হতে পারে।

15. সমস্ত কর্মীদের ভুক্তভোগীদের আশ্বস্ত করতে পারা উচিত যে তাদের কথায় গুরুত্ব দেওয়া হচ্ছে এবং তাদের সমর্থন করা এবং নিরাপদ রাখা হবে। এই ধরনের অত্যাচারের শিকার বাচ্চাটিকে কখনই এমন ধারণা দেওয়া উচিত নয় যে সে কোনও রকমের লাঞ্ছনা এবং/অথবা অবহেলার কথা অভিযোগ করে কোনও সমস্যা তৈরি করছে। রিপোর্ট করার জন্য কোনো ভুক্তভোগীকে কখনোই লজ্জিত বোধ করানো উচিত নয়।

---

6 সমস্ত স্কুলকে নিজেদের জন্য একটি আচরণ সংক্রান্ত নীতি নির্ধারণ করতে হবে (সম্পূর্ণ বিবরণ [(এখানে)]) দেওয়া আছে। কোন কলেজ আচরণ নীতি রাখতে চাইলে তা উপরের বর্ণনা অনুযায়ী কর্মীদের প্রদান করা উচিত।

16. সমস্ত কর্মীদের উচিত যে বাচ্চারা যে নির্যাতিত, শোষিত বা অবহেলিত হচ্ছে সে কথা কাউকে বলতে প্রস্তুত নাও থাকতে পারে বা কীভাবে বল বে তা নাও জানা থাকতে পারে এবং/অথবা তারা তাদের অভিজ্ঞতাকে ক্ষতিকারক বলে মনে নাও করতে পারে। উদাহরণস্বরূপ, অপ্রাপ্তবয়স্করা বিব্রত বোধ করতে পারে, অপমানিত হতে পারে বা হুমকির সম্মুখীন হতে পারে। তাদের দুর্বলতা, অক্ষমতা এবং/অথবা যৌন অভিযোজন বা ভাষার ক্ষেত্রে বাধার কারণে এমন হতে পারে। যদি কর্মীরা কোন অপ্রাপ্তবয়স্কর বিষয়ে উদ্বিগ্ন থাকে তাহলে এই কারণ কর্মীদের পেশাদারী কৌতূহল রাখা এবং মনোনীত সেফগার্ডিং লিডের (বা একজন ডেপুটি) সাথে কথা বলায় বাধাদায়ক হওয়া উচিত নয়। এটিও গুরুত্বপূর্ণ যে কর্মীরা অপ্রাপ্তবয়স্কদের বিশ্বস্ত পাত্র/পাত্রী হওয়ার সেরা উপায় নির্ধারণ করতে হবে যাতে অপ্রাপ্তবয়স্ক ও যুবকদের সাথে কথাবার্তার সুবিধা হয়।

17. সকল কর্মীকে স্বীকার করতে হবে যে শিশুরা বর্ণবাদ, ধর্মভিত্তিক কুসংস্কার এবং অন্যান্য ধরনের বৈষম্য সহ পক্ষপাতমূলক ক্ষতির শিকার হতে পারে। এই ধরনের অভিজ্ঞতা শিশুর কল্যাণ, সুস্থতা, মানসিক স্বাস্থ্য এবং সাহায্য চাওয়ার ইচ্ছার উপর প্রভাব ফেলতে পারে। কর্মীদের পক্ষপাতমূলক ক্ষতির লক্ষণ ও প্রভাবের প্রতি সতর্ক থাকা এবং প্রয়োজনে সুরক্ষা প্রদান সংক্রান্ত অনুশীলনে এই উদ্বেগগুলি বিবেচনা করা নিশ্চিত করা উচিত।

## স্কুল এবং কলেজের কর্মীদের কিসের সন্ধান করা উচিত

### বিধিবদ্ধ হস্তক্ষেপের আগে সহায়তা

18. বিধিবদ্ধ হস্তক্ষেপের আগে সর্বজনীন পরিষেবা এবং কমিউনিটি-ভিত্তিক আর্লি হেল্প বা ফ্যামিলি হেল্পের টার্গেটেড আর্লি হেল্প স্তর সহ যেকোনো সহায়তা থেকে যেকোনো শিশু উপকৃত হতে পারে। স্কুল এবং কলেজের সকল কর্মীকে বিশেষভাবে এমন শিশুর জন্য অতিরিক্ত সহায়তার সম্ভাব্য প্রয়োজনীয়তার প্রতি সতর্ক থাকতে হবে যে:

- যে অক্ষম বা যার নির্দিষ্ট কোনো স্বাস্থ্যের সমস্যা আছে এবং কিছু অতিরিক্ত চাহিদাও রয়েছে
- যার বিশেষ শিক্ষাগত চাহিদা আছে (তাদের বিধিবদ্ধ শিক্ষা, স্বাস্থ্য ও পরিচর্যা পরিকল্পনা থাকুক আর নাই থাকুক)
- যার মানসিক স্বাস্থ্যের প্রয়োজন আছে
- যদি অল্প বয়সে কারও দেখাশোনা করে
- যে গর্ভবতী এবং/অথবা নিজেই একজন অভিভাবক
- যে ক্ষতিকর, হিংস্র এবং/অথবা ক্ষতিসাধক আচরণের প্রারম্ভিক লক্ষণ দেখিয়েছে
- যে অপরাধী দলে জড়িত হওয়া এবং সংগঠিত অপরাধ বা অসামাজিক দল ও মাদক পাচার গোষ্ঠীসহ, অসামাজিক বা অপরাধের পথে যাওয়ার লক্ষণ দেখায়
- প্রায়শই শিক্ষা, বাড়ি বা পরিচর্যা বা যত্নের সেন্টার থেকে অনুপস্থিত থাকে/কাউকে না জানিয়ে সেখান থেকে চলে যায়
- যাকে বারবার শ্রেণিকক্ষ থেকে বের করে দেওয়া হয়েছে, একাধিকবার সাসপেন্ড করা হয়েছে, খণ্ডকালীন সময়সূচিতে রয়েছে, অথবা স্কুল, কলেজ এবং বিকল্প ব্যবস্থা বা পিউপিল রেফারাল ইউনিট থেকে স্থায়ীভাবে বহিষ্কৃত হওয়ার ঝুঁকিতে রয়েছে
- যার অপরাধমূলক বা যৌন শোষণ সহ শোষণ, আধুনিক দাসত্ব, পাচারের ঝুঁকি রয়েছে
- যার সন্ত্রাসবাদে মৌলবাদী হওয়ার ঝুঁকি রয়েছে
- যার বাবা-মা বা পরিচর্যার জন্য দায়িত্বপ্রাপ্ত অভিভাবক কারাগারে আছে অথবা যারা মা-বাবার কাছ থেকে খারাপ আচরণ ও ব্যবহার পেয়ে এসেছে
- অপ্রাপ্তবয়স্ক এমন কোন পারিবারিক পরিস্থিতিতে আছে যা তার পক্ষে সামলানো কঠিন, যেমন মাদক ও অ্যালকোহলের অপব্যবহার, প্রাপ্তবয়স্ক মানসিক স্বাস্থ্য সমস্যা এবং পারিবারিক লাঞ্ছনা
- নিজেরাই অ্যালকোহল এবং অন্যান্য ড্রাগস নিচ্ছে
- যার নারীর যৌনাঙ্গ ছেদ বা বলপূর্বক বিবাহের মতো 'সম্মান' বা বিশ্বাস ভিত্তিক লাঞ্ছনার ঝুঁকি রয়েছে এবং
- যাকে আলাদা রেখে লালনপালন করা হয়েছে।

### অপব্যবহার, অবহেলা ও শোষণ

19. সমস্ত কর্মীদের অপব্যবহার, অবহেলা, শোষণ এবং আধুনিক দাসত্বের সূচক (নিচে দেখুন) সম্পর্কে সচেতন থাকতে হবে এবং এটি বোঝা উচিত যে শিশুদের স্কুল/কলেজের ভিতরে এবং বাইরে, বাড়ির ভিতরে এবং বাইরে এবং অনলাইনেও ক্ষতি হওয়ার ঝুঁকি থাকতে পারে। পেশাদার কৌতূহল রাখা এবং লাঞ্ছনা ও অবহেলা শীঘ্র সনাক্তকরণের জন্য কী সন্ধান করতে হবে তা জানা অত্যাবশ্যক যাতে কর্মীরা সাহায্য বা সুরক্ষার প্রয়োজন হতে পারে এমন অপ্রাপ্তবয়স্কদের শনাক্ত করতে সক্ষম হয়।

20. সমস্ত কর্মীদের এই ব্যাপারে সচেতন থাকতে হবে যে অপব্যবহার, অবহেলা, শোষণ এবং সুরক্ষা প্রদান সংক্রান্ত সমস্যা খুব কমই স্বতন্ত্র ঘটনা হয় এবং কোনও একটি সংজ্ঞা বা লেবেল দ্বারা সেটিকে কভার করা যায় না। বেশিরভাগ ক্ষেত্রে, একাধিক সমস্যা পরস্পর জড়িয়ে থাকে।

21. সব কর্মী, বিশেষত নির্দিষ্ট করা সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব (এবং তার অধীনস্থ কর্মীদের), পরিবারের বাইরে ঘটা কোনও পরিস্থিতিতে শিশুদের লাঞ্ছনা বা শোষণের ঝুঁকি রয়েছে কিনা তা নির্ধারণ করে দেখতে হবে। পরিবার-বহির্ভূত ক্ষতি বিভিন্ন ধরনের হয়ে থাকে এবং শিশুদের একাধিক ক্ষতির শিকার হওয়ার আশঙ্কা থাকতে পারে, যার মধ্যে পড়ে (তবে এর মধ্যেই তা সীমাবদ্ধ থাকে না) যৌন লাঞ্ছনা (হয়রানি ও শোষণ সহ), নিজেদের অন্তরঙ্গ সম্পর্কের মধ্যে বাড়ির মধ্যে হওয়া নির্যাতন (কিশোর বয়সের সম্পর্কের অপব্যবহার সংক্রান্ত - শারীরিক, যৌন, মানসিক লাঞ্ছনা এবং স্টকিং সহ), অপরাধমূলক শোষণ (আর্থিক শোষণ সহ), গুরুতরভাবে যুবক-যুবতীদের সাথে হিংস্র আচরণ, মাদক বা ড্রাগ পাচারের স্থান এবং মৌলবাদের শিকার হওয়া।

22. সমস্ত কর্মীদের এই বিষয়ে সচেতন থাকতে হবে যে প্রযুক্তি বেশির ভাগ ক্ষেত্রেই সুরক্ষা প্রদান এবং সুস্থতা সংক্রান্ত সমস্যার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ উপাদান হিসাবে কাজ করে। অপ্রাপ্তবয়স্কদের অনলাইনের পাশাপাশি সামনাসামনিও লাঞ্ছনা ও অন্যান্য ক্ষতির ঝুঁকি থাকে। অনেক ক্ষেত্রে লাঞ্ছনা এবং অন্যান্য ঝুঁকি একই সাথে অনলাইন এবং অফলাইন উভয় ক্ষেত্রেই ঘটবে।

23. অপ্রাপ্তবয়স্করা তাদের সমবয়সীদেরও অনলাইনে লাঞ্ছনা করতে পারে, সে ক্ষেত্রে গালাগাল, হেনস্থা এবং বিশেষ করে চ্যাট গ্রুপে নারীবিদ্বেষী/অপপ্রচারকারী বার্তা পাঠানো, সম্মতি ছাড়া নগ্ন বা অর্ধনগ্ন ছবি তৈরি অথবা শেয়ার করা হতে পারে, আর কেউ না চাইলেও তার সাথে অপমানজনক ছবি এবং পর্নোগ্রাফি ভাগ করা হতে পারে।

24. **সমস্ত ক্ষেত্রে কর্মীরা নিশ্চিত না হলে, তাদের সবসময় মনোনীত সেফগার্ডিং লীড বা ডেপুটির সাথে কথা বলা উচিত।**

## লাঞ্ছনা এবং অবহেলার আভাস

25. **লাঞ্ছনা**: শিশুর প্রতি এক প্রকার দুর্ব্যবহার। কেউ অপ্রাপ্তবয়স্কর ক্ষতি করে বা ক্ষতি প্রতিরোধ না করার মাধ্যমে তাকে লাঞ্ছনা বা উপেক্ষা করতে পারে। ক্ষতির মধ্যে এমন খারাপ আচরণ অন্তর্ভুক্ত থাকতে পারে যা শারীরিক না এবং অন্যদের প্রতি দুর্ব্যবহারের প্রত্যক্ষদর্শী হওয়ার প্রভাব হতে পারে। এটি বিশেষভাবে প্রাসঙ্গিক হতে পারে, উদাহরণস্বরূপ, সব ধরনের পারিবারিক হিংসা বাচ্চাদের উপর যেসব প্রভাব ফেলে তার সাথে সম্পর্কিত, যার মধ্যে বাচ্চারা যেসব জায়গায় এই ধরনের পারিবারিক নির্যাতন দেখে, সেগুলির ব্যাপারে শোনে বা হিংসার প্রভাবের অভিজ্ঞতা পায় তা অন্তর্ভুক্ত থাকে। অপ্রাপ্তবয়স্করা তাদের পরিবারে বা প্রাতিষ্ঠানিক বা সম্প্রদায়ের ব্যবস্থায়, তাদের পরিচিত, বা বিরল ক্ষেত্রে, অপরিচিতদের দ্বারা লাঞ্ছিত হতে পারে। লাঞ্ছনা পুরোপুরি অনলাইনেও হতে পারে, অথবা অফলাইনে লাঞ্ছনা করতে প্রযুক্তি ব্যবহার করা হতে পারে। অপ্রাপ্তবয়স্করা প্রাপ্তবয়স্ক বা প্রাপ্তবয়স্কদের দ্বারা বা অন্য কোন অপ্রাপ্তবয়স্ক বা অপ্রাপ্তবয়স্কদের দ্বারা লাঞ্ছিত হতে পারে। শিশুরা অন্য পরিবারের সদস্যদেরও ক্ষতি করতে পারে, যাকে প্রায়ই শিশু কর্তৃক পিতামাতা বা পরিচর্যাকারীর প্রতি লাঞ্ছনা বলা হয়।

26. **শারীরিক লাঞ্ছনা**: অপব্যবহারের এমন এক রূপ যা মারা, ঝাঁকানো, আছাড় মারা, বিষ খাওয়ানো, পোড়ানো বা জ্বালানো, ডোবানো, শ্বাসরোধ করা বা অন্য কোনভাবে শিশুর শারীরিক ক্ষতি করে। মা-বাবা বা পরিচর্যাকারী অপ্রাপ্তবয়স্কর অসুখের উপসর্গের মিথ্যা কথা জানিয়ে, বা ইচ্ছাকৃতভাবে তাকে অসুস্থ করার ফলেও শারীরিক ক্ষতি হতে পারে।

27. **মানসিক লাঞ্ছনা**: শিশুর প্রতি অনবরত আবেগজনিত দুর্ব্যবহার করা যার ফলে তার আবেগজনিত বিকাশে গুরুতর এবং প্রতিকূল প্রভাব পড়ে। এর মধ্যে অপ্রাপ্তবয়স্ককে অকর্মণ্য বোধ করানো বা ভালবাসা থেকে বঞ্চিত করা, অপর্যাপ্ত বোধ করানো, বা শুধু যতক্ষণ অন্যের প্রয়োজন মেটায় ততক্ষণই তাদের মূল্য আছে তাদের এমন ধারণা দেওয়া থাকতে পারে। এতে মৌখিক নির্যাতন, যেমন একটানা সমালোচনা, ছোট করা বা বিদ্রূপ করা, পাশাপাশি অপ্রাপ্তবয়স্কদের মতামত প্রকাশের সুযোগ না দেওয়া, ইচ্ছাকৃতভাবে তাদের চুপ করানো বা তারা যা বলে বা যেভাবে বলে সে সম্পর্কে 'তাকে নিয়ে হাসি ঠাট্টা করা' অন্তর্ভুক্ত থাকতে পারে। এর মধ্যে থাকতে পারে অপ্রাপ্তবয়স্কদের উপর বয়সের বা বিকাশকালের অনুপযুক্ত প্রত্যাশা চাপানো। এর মধ্যে কোন অপ্রাপ্তবয়স্কর বিকাশের ক্ষমতার বাইরের আলাপচারিতায় তাকে সামিল করা, তাকে অতিরিক্ত আগলে রাখা এবং বিভিন্ন জিনিস অনুসন্ধান করা ও শিক্ষায় তাকে সীমাবদ্ধ করে রাখা বা স্বাভাবিক সামাজিক আলাপচারিতায় তাকে অংশ নিতে না দেওয়াও থাকতে পারে। এর মধ্যে অন্যের প্রতি খারাপ ব্যবহার সংক্রান্ত ঘটনা প্রত্যক্ষ করা বা তার ব্যাপারে শোনাও অন্তর্ভুক্ত থাকতে পারে। এতে গুরুতর উৎপীড়ন (সাইবারবুলিং সহ) জড়িত থাকতে পারে, যার ফলে অপ্রাপ্তবয়স্করা প্রায়শই ভীত বা বিপন্ন অনুভব করে, বা যার ফলে অপ্রাপ্তবয়স্কদের শোষণ বা দুর্ভোগের সম্মুখীন হতে হয়। কিছু স্তরের মানসিক লাঞ্ছনা অপ্রাপ্তবয়স্কদের প্রতি সবরকম দুর্ব্যবহারেই জড়িয়ে থাকে, যদিও তা পৃথকভাবেও হতে পারে।

28. **যৌন লাঞ্ছনা:** যৌন কার্যকলাপে অংশগ্রহণ করতে কোনো শিশুকে জোর করা, প্ররোচিত করা বা উৎসাহিত করা, তাতে সহিংসতা জড়িত থাকুক বা না থাকুক এবং শিশু কী ঘটছে তা বুঝুক বা না বুঝুক। এই কার্যকলাপের মধ্যে শারীরিক সংস্পর্শ, যেমন অনুপ্রবেশমূলক কাজ (উদাহরণস্বরূপ, ধর্ষণ বা অনুপ্রবেশের মাধ্যমে নির্যাতন), শরীরের কোনো অংশ বা কোনো বস্তুর সাহায্যে, এবং হস্তমৈথুন, চুম্বন, ঘষা এবং কাপড়ের উপর দিয়ে স্পর্শ করার মতো অ-অনুপ্রবেশমূলক কাজও অন্তর্ভুক্ত থাকতে পারে। যৌন লাঞ্ছনার মধ্যে স্পর্শবিহীন কার্যকলাপও অন্তর্ভুক্ত থাকতে পারে, যেমন শিশুদের যৌন ছবি দেখতে বা তৈরিতে জড়ানো, যৌন কার্যকলাপ দেখতে বাধ্য করা, শিশুদের অনুপযুক্ত যৌন আচরণে উৎসাহিত করা, বা লাঞ্ছনার প্রস্তুতি হিসেবে কোনো শিশুকে শেখানো (গ্রুমিং)। যৌন লাঞ্ছনা অনলাইনেও ঘটতে পারে এবং অফলাইন লাঞ্ছনা সহজ করতে প্রযুক্তি ব্যবহার করা হতে পারে। যৌন লাঞ্ছনা শুধুমাত্র প্রাপ্তবয়স্ক পুরুষরাই করে না। মহিলারাও যৌন লাঞ্ছনা করতে পারেন, তেমনি অন্য শিশুরাও করতে পারে। অন্য শিশুদের দ্বারা শিশুদের যৌন লাঞ্ছনা শিক্ষাক্ষেত্রে একটি নির্দিষ্ট সুরক্ষা সংক্রান্ত সমস্যা এবং সকল

কর্মীর এই বিষয়ে এবং তা মোকাবিলায় তাদের স্কুল বা কলেজের নীতি ও প্রক্রিয়া সম্পর্কে সচেতন থাকা উচিত। 13 বছরের কম বয়সী শিশুদের জন্য নির্দিষ্ট অপরাধ রয়েছে, যারা কখনোই যৌন কার্যকলাপে বৈধ সম্মতি দিতে পারে না, এবং নির্দিষ্ট অপরাধ রয়েছে যা স্পষ্ট করে যে 16 বছরের কম বয়সী কোনো শিশুর সাথে যৌন কার্যকলাপ, সে সম্মত হোক বা না হোক, একটি অপরাধ।

29. **অবহেলা**: শিশুর মৌলিক শারীরিক এবং/অথবা মানসিক চাহিদা পূরণে অবিরাম ব্যর্থতা,যার কারণে সাধারণত শিশুর স্বাস্থ্য বা বিকাশের গুরুতর ক্ষতি হয়। অবহেলা গর্ভাবস্থাতে ঘটতে পারে, উদাহরণস্বরূপ, মায়েদের মাদক পদার্থ ব্যবহারের ফলে। অপ্রাপ্তবয়স্কের জন্মের পরে, মা-বাবা বা পরিচর্যাকারীর এইগুলি দিতে ব্যর্থতা: পর্যাপ্ত খাবার, পোশাক এবং আশ্রয় (বাড়ি থেকে বের করে বা তাড়িয়ে দেওয়া সমেত) দেওয়া; শারীরিক ও আবেগজনিত ক্ষতি বা বিপদ থেকে অপ্রাপ্তবয়স্ককে রক্ষা করা; যথাযথ তত্ত্বাবধান নিশ্চিত করা (অপর্যাপ্ত পরিচর্যাকারী রাখা সমেত); অথবা উপযুক্ত চিকিৎসা সেবা বা চিকিৎসা নিশ্চিত করায় ব্যর্থ হওয়ার কারণে অবহেলিত হতে পারে। এর মধ্যে অপ্রাপ্তবয়স্কর মৌলিক আবেগজনিত চাহিদার অবহেলা করা, বা পরোয়া না করাও অন্তর্ভুক্ত হতে পারে।

## সুরক্ষা সংক্রান্ত সমস্যা

30. **সমস্ত** কর্মীর এমন সুরক্ষা সংক্রান্ত সমস্যা সম্পর্কে সচেতনতা থাকা উচিত যা প্রায়ই পরস্পর জড়িয়ে থাকে এবং শিশুদের ক্ষতির ঝুঁকিতে ফেলতে পারে (নিচে তালিকাভুক্তগুলি সহ, তবে তাতে সীমাবদ্ধ নয়)। নিম্নলিখিত আচরণ এবং লক্ষণগুলি শিশুরা ঝুঁকিতে আছে এমন ইঙ্গিত হতে পারে:

- মাদক গ্রহণ এবং/অথবা অ্যালকোহলের অপব্যবহার
- শিক্ষা থেকে অব্যাখ্যাত এবং/অথবা ক্রমাগত অনুপস্থিতি
- গুরুতর হিংসা, অপরাধমূলক শোষণ (কাউন্টি লাইনসের সাথে যুক্ত ঘটনা সহ), মৌলবাদীকরণ, এবং
- সম্মতিসহ এবং সম্মতি ছাড়া নগ্ন বা অর্ধনগ্ন ছবি তৈরি করা বা শেয়ার করা।

**এই সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলির অতিরিক্ত তথ্য এবং অন্যান্য সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলি পরিশিষ্ট A-তে অন্তর্ভুক্ত করা হয়েছে।**

### অপ্রাপ্তবয়স্কের দ্বারা অপ্রাপ্তবয়স্কের লাঞ্ছনা (হয়রানি এবং হিংসা সহ)

31. **সমস্ত** কর্মীদের সচেতন হওয়া উচিত যে অপ্রাপ্তবয়স্করা অন্য অপ্রাপ্তবয়স্কদের (প্রায়ই অপ্রাপ্তবয়স্কর দ্বারা অপ্রাপ্তবয়স্ক নির্যাতন হিসাবে উল্লেখ করা হয়) লাঞ্ছনা করতে পারে এবং এটি স্কুল বা কলেজের ভিতরে এবং বাইরে এবং অনলাইন উভয় ক্ষেত্রেই ঘটতে পারে। **সমস্ত** কর্মীদের বাচ্চাদের দ্বারা বাচ্চাদের লাঞ্ছনার বিষয়ে স্কুল বা কলেজের নীতি এবং পদ্ধতির ব্যাপারে এবং এটি প্রতিরোধে তাদের যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হবে এবং যেখানেই তাদের মনে হবে যেকোনও বাচ্চার তেমন ঝুঁকি রয়েছে সেখানেই ব্যবস্থা নিতে হবে সে বিষয়ে স্পষ্ট জ্ঞান থাকা উচিত।

32. **সমস্ত** কর্মীর স্বীকার করা উচিত যে বর্ণবাদ, ধর্মভিত্তিক লাঞ্ছনা এবং অন্যান্য বৈষম্যমূলক আচরণ শিশুর কল্যাণ, সুস্থতা এবং নিরাপত্তাবোধের উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলতে পারে এবং প্রয়োজনে সুরক্ষা প্রদান সংক্রান্ত অনুশীলনে তা বিবেচনা করা উচিত।

33. **সমস্ত** কর্মীদের বোঝা উচিত, তাদের স্কুল বা কলেজে কোনও রিপোর্ট না থাকলেও এর মানে এই নয় যে তেমন কিছু ঘটছে না, হতে পারে যে তার রিপোর্ট করা হচ্ছে না। এটি এমন হতে পারে যে অপব্যবহার সম্পর্কে কোনও অভিযোগ জানানো হচ্ছে না। তাই শিশুর দ্বারা শিশুর লাঞ্ছনা সম্পর্কে কর্মীদের যেকোনো উদ্বেগ থাকলে (এই উদ্বেগ স্কুল/কলেজ চত্বরে বা বাইরে ঘটেছে বলে মনে করা হোক না কেন) তাদের মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব (বা একজন ডেপুটি)-র সাথে কথা বলা উচিত। এর অংশ হিসেবে, স্কুলগুলিরও স্কুলের দিনের কোন সময়ে শিশুরা সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকতে পারে (উদাহরণস্বরূপ, স্কুল শেষ হওয়ার ঠিক পরে) সে বিষয়ে সতর্ক থাকার চেষ্টা করা উচিত।

34. **সমস্ত** কর্মীকে শিশুদের পরস্পরের মধ্যে অনুপযুক্ত আচরণের গুরুত্ব অবশ্যই বুঝতে হবে, যার মধ্যে অনেকগুলি নীচে তালিকাভুক্ত করা হয়েছে যা মূলত লাঞ্ছনাকর। যার উদাহরণ নিচে তালিকাভুক্ত করা হয়েছে। কিছু আচরণকে হালকাভাবে নেওয়া, যেমন যৌন লাঞ্ছনাকে "কেবল ঠাট্টা", "একটু হাসাহাসি করা", "বড় হওয়ার সময় ওসব হয়" বা "ছেলেরা এসব করেই" বলে উড়িয়ে দিলে তার ফলে অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে অনস্বীকার্য আচরণের অভ্যাস, নারীবিদ্বেষ, এবং অনিরাপদ পরিবেশ সৃষ্টি হতে পারে আর গুরুতর পরিস্থিতিতে, এমন এক সংস্কৃতি তৈরি হতে পারে যা লাঞ্ছনাকে স্বাভাবিক দেখায়, যার ফলে অপ্রাপ্তবয়স্করা একে স্বাভাবিক হিসাবে মেনে নিয়ে রিপোর্ট করতে এগিয়ে আসে না।

35. **সকল** কর্মীকে সচেতন থাকতে হবে যে শিশুর দ্বারা শিশুর লাঞ্ছনা ভুক্তভোগী এবং অভিযুক্ত অপরাধী উভয়ের জন্যই একটি সুরক্ষা সংক্রান্ত সমস্যা।

36. উদ্বেগের প্রতি কীভাবে সাড়া দিতে হয় তা জানার পাশাপাশি, সকল কর্মীর জানা উচিত যে শিশুর দ্বারা শিশুর লাঞ্ছনা প্রতিরোধযোগ্য। ঝুঁকির আচরণ ও লক্ষণ শীঘ্র চিনতে জানার পাশাপাশি, কর্মীদের জানা উচিত যে সময়োপযোগী, প্রমাণ-ভিত্তিক সহায়তা শিশুদের ভবিষ্যতে লাঞ্ছনা বা হিংসা করা থেকে বিরত রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

37. অপ্রাপ্তবয়স্কের দ্বারা অপ্রাপ্তবয়স্কের প্রতি লাঞ্ছনার মধ্যে এগুলি অন্তর্ভুক্ত তবে এর মধ্যে সীমিত নয়:

- উৎপীড়ন বা শাসানি (যার মধ্যে সাইবার বুলিং, পক্ষপাতদুষ্ট এবং বৈষম্যমূলক শাসানিও রয়েছে)।
- বর্ণবাদ, ধর্মভিত্তিক লাঞ্ছনা এবং অন্যান্য পক্ষপাতমূলক ঘটনা সহ বৈষম্যমূলক আচরণ,

- অপ্রাপ্তবয়স্কদের মধ্যে অন্তরঙ্গ ব্যক্তিগত সম্পর্কে লাঞ্ছনা (কখনও কখনও 'কিশোর সম্পর্কের লাঞ্ছনা' নামে পরিচিত),
- শারীরিক লাঞ্ছনা, যেমন মারা, লাথি মারা, ঝাঁকানো, কামড়ানো, চুল টানা, বা অন্যভাবে শারীরিক ক্ষতি করা (এতে অনলাইনেও কিছু করা হতে পারে যা শারীরিক নির্যাতন সহজ করে, এমন নির্যাতনের হুমকি দেয় এবং/অথবা উৎসাহিত করে),
- গুরুতর শারীরিক আক্রমণ ও ক্ষতি, অথবা অস্ত্র দিয়ে ক্ষতির হুমকি,
- যৌন সহিংসতা[7] যেমন ধর্ষণ, যৌনাঙ্গে কোনও কিছু বা যৌনাঙ্গ ঢুকিয়ে নিপীড়ন এবং যৌন হেনস্থা; (এতে অনলাইনের উপাদানও থাকতে পারে যা যৌন নির্যাতনকে আরও বাড়িয়ে তুলতে, নির্যাতনের হুমকি দিতে এবং/অথবা যৌন হিংসা করতে উৎসাহিত করতে পারে),
- যৌন হয়রানি[8] যেমন যৌন রসাত্মক মন্তব্য, কটূক্তি, কৌতুক এবং অনলাইন যৌন হয়রানি, যা অপব্যবহারের একমাত্র বা তার আরও বড় প্যাটার্নের একটি অংশ হতে পারে,
- সম্মতি ছাড়া কাউকে যৌন কাজে লিপ্ত করা, যেমন কাপড় খুলতে বাধ্য করা, পরস্পরকে যৌন উদ্দেশ্যে স্পর্শ করা বা তৃতীয় পক্ষের সাথে যৌন কাজে লিপ্ত হওয়া,
- সম্মতিসহ এবং সম্মতি ছাড়া নগ্ন ও অর্ধনগ্ন ছবি তৈরি করা বা শেয়ার করা[9]
- আপস্কার্টিং[10] যার মধ্যে সাধারণত জননেন্দ্রিয় বা নিতম্ব দেখার উদ্দেশ্যে, যৌন পরিতৃপ্তি লাভ করতে অথবা ভুক্তভোগী ব্যক্তিকে অপমানিত করা, মর্মপীড়া দেওয়া বা ভীতি প্রদর্শনের উদ্দেশ্যে কারও পোশাকের ভিতর থেকে তার অনুমতি না নিয়ে ছবি তোলা অন্তর্ভুক্ত এবং
- ইনিশিয়েশন/হেজিং টাইপের হিংসা এবং আচারবিধি অন্তর্ভুক্ত (এতে হয়রানি, লাঞ্ছনা বা অবমাননামূলক কাজ জড়িত থাকতে পারে যা কোনও ব্যক্তিকে কোনো গোষ্ঠীতে আনার উপায় হিসাবে ব্যবহৃত হয় এবং এতে অনলাইনের উপাদান অন্তর্ভুক্ত থাকতে পারে)।

## চাইল্ড ক্রিমিনাল এক্সপ্লয়েটেশন অর্থাৎ বাচ্চাদের অপরাধমূলক শোষণ (CCE) এবং চাইল্ড সেক্সুয়াল এক্সপ্লয়টেশন অর্থাৎ বাচ্চাদের যৌন শোষণ (CSE)

38. প্রতারণা করে কোনো অপরাধমূলক বা যৌন কার্যকলাপে অংশগ্রহণ করায়। এর মধ্যে ভুক্তভোগীর প্রয়োজন বা চাওয়া কোনো কিছুর বিনিময়ে, এবং/অথবা অপরাধী বা সহায়তাকারীর আর্থিক লাভ বা বর্ধিত মর্যাদার জন্য এবং/অথবা হিংসা বা হিংসার হুমকির মাধ্যমে এটি করা হতে পারে। এটি একটি সংগঠিত নেটওয়ার্ক বা গ্যাং দ্বারা সংঘটিত বা সহজতর হতে পারে, এবং ভুক্তভোগী নিজেকে এই গোষ্ঠীর অংশ বলে মনে করতে পারে। CCE এবং CSE ছেলে ও মেয়ে উভয় শিশুকেই প্রভাবিত করতে পারে এবং এর মধ্যে শোষণের উদ্দেশ্যে সরিয়ে নেওয়া শিশুরাও (সাধারণত পাচার বলা হয়) অন্তর্ভুক্ত থাকতে পারে। এটি আধুনিক দাসত্ব গঠন করতে পারে, এবং আরও তথ্য Modern Slavery statutory guidance (আধুনিক দাসত্ব সংক্রান্ত বিধিবদ্ধ নির্দেশিকা)-এ পাওয়া যায়। এই নির্দেশিকা অনুযায়ী, CCE বা CSE-র কোনো সম্ভাব্য ভুক্তভোগী চিহ্নিত হলে একটি প্রাসঙ্গিক শিশু সুরক্ষা এবং আধুনিক দাসত্ব রেফারাল সম্পন্ন করা উচিত।

## শিশু অপরাধমূলক শোষণ (CCE)[11]

39. CCE'র কিছু নির্দিষ্ট প্রকারের মধ্যে শিশুদের বিপথে চালিত করে বা জোর করে মাদক পাচারচক্রের[12] মাধ্যমে মাদক বা অর্থ নিয়ে যাওয়ার কাজ করানো, গাঁজার কারখানায় কাজ করানো, দোকানলুট বা পকেটমারি করানো অন্তর্ভুক্ত হতে পারে। বিপথে চালিত করে বা জোর করে তাদের দিয়ে গাড়ি সংক্রান্ত নানা অপরাধ অথবা অন্যদের হুমকি/অন্যদের প্রতি গুরুতর হিংসাত্মক কিছু করানো হতে পারে।

40. অপ্রাপ্তবয়স্করা এই ধরনের শোষণে আটকে পড়তে পারে কারণ অপরাধীরা ভুক্তভোগীদেরকে (এবং তাদের পরিবারকে) হিংসাত্মক কোনো হুমকি দিতে পারে, অথবা তাদের দেনার ফাঁদে ফেলতে বা ফাঁদে পড়তে বাধ্য করতে পারে। অন্যরা যাতে ক্ষতি করতে না পারে তাই আত্মরক্ষার জন্য তারা ছুরির মত কোনো অস্ত্র সঙ্গে রাখা শুরু করতে পারে বা তাদের রাখতে বাধ্য করা হতে পারে। অপরাধমূলকভাবে শোষিত শিশুদের দুর্বলতা প্রাপ্তবয়স্ক ও পেশাদারদের (বিশেষত বয়সে বড় শিশুদের ক্ষেত্রে) দ্বারা স্বীকৃত হওয়া উচিত এবং তাদের ভুক্তভোগী হিসেবে গণ্য করা উচিত। কোনো শিশুর পক্ষে শোষিত, লাঞ্ছিত বা পাচার হওয়ার সম্মতি দেওয়া সম্ভব নয়, এবং তারা হয়তো বুঝতেই পারে না যে তাদের সাথে এটি ঘটছে।

41. মনে রাখা দরকার যে যেসব মেয়েরা অপরাধমূলক শোষণের শিকার হয় তাদের অভিজ্ঞতা ছেলেদের থেকে অনেকটাই আলাদা হতে পারে। সব লক্ষণ এক নাও হতে পারে, তবে পেশাদারদের সচেতন থাকা উচিত যে মেয়েদেরও অপরাধমূলক শোষণের ঝুঁকি রয়েছে। এটাও

---

7 যৌন সহিংসতা সম্পর্কে আরও তথ্যের জন্য পঞ্চম ভাগ দেখুন।

8 যৌন হয়রানি সম্পর্কে আরও তথ্যের জন্য পঞ্চম ভাগ দেখুন।

9 UKCIS নির্দেশিকা: Sharing nudes and semi-nudes advice for education settings (শিক্ষার পরিবেশে নগ্ন এবং অর্ধনগ্ন ছবি শেয়ার করা সম্পর্কে পরামর্শ)

10 'আপস্কার্টিং' সম্পর্কে আরও তথ্যের জন্য পরিশিষ্ট A দেখুন।

11 CCE-র সংজ্ঞা সম্পর্কিত তথ্যের জন্য Home Office's Serious Violence Strategy (হোম অফিসের গুরুতর সহিংসতা কৌশল)-এর 48 পৃষ্ঠা দেখুন

12 মাদক পাচারচক্র এমন একটি শব্দ যা নির্দিষ্ট মোবাইল ফোন লাইন বা অন্য কোনো ধরনের "ডিল লাইন" ব্যবহার করে অবৈধ মাদক দ্রব্য রপ্তানিতে জড়িত গ্যাং এবং সংগঠিত অপরাধী নেটওয়ার্ককে বর্ণনা করতে ব্যবহৃত হয়। হোম অফিসের কাউন্টি লাইনস পরামর্শের লিংক 171 পৃষ্ঠায় গুরুতর সহিংসতা সংক্রান্ত তথ্যের মধ্যে দেওয়া হয়েছে।

খেয়াল রাখা দরকার যে ছেলে-মেয়ে উভয়ই অপরাধমূলক শোষণের শিকার হলে তাদের যৌন শোষণের শিকার হওয়ার ঝুঁকি বেশি থাকে।

### বাচ্চাদের যৌন শোষণ (CSE)

42. CSE অপ্রাপ্তবয়স্কদের যৌন লাঞ্ছনার একটি প্রকারভেদ। যৌন নির্যাতনের মধ্যে শারীরিক সংস্পর্শ জড়িত থাকতে পারে, এগুলির মধ্যে যৌনাঙ্গের ভিতরে পেনিট্রেট করে করা যৌন নির্যাতন (উদাহরণস্বরূপ, ধর্ষণ বা কোনো বস্তু দিয়ে অনুপ্রবেশ) অথবা হস্তমৈথুন, চুম্বন, যৌনাঙ্গ ঘষা এবং বাইরের পোশাকের উপর দিয়ে যৌনাঙ্গ স্পর্শ করার মতো সরাসরি যৌনাঙ্গের ভিতরে পেনিট্রেট না করে করা যৌন কার্যকলাপ পড়ে। এর মধ্যে স্পর্শ বিহীন কাজ, যেমন অপ্রাপ্তবয়স্কদের যৌন ছবি বা যৌন কার্যকলাপ দেখতে বাধ্য করা বা ঐসব যৌন ছবি তৈরির কাজে জড়ানো, অপ্রাপ্তবয়স্কদের অনাকাঙ্ক্ষিত যৌনাচরণে উৎসাহিত করা বা ইন্টারনেটের মাধ্যম সমেত, লাঞ্ছনার মহড়া হিসেবে কোন অপ্রাপ্তবয়স্ককে কিছু শেখানোও অন্তর্ভুক্ত থাকতে পারে।

43. CSE বারবার বা একবার ঘটতে পারে এবং অপ্রাপ্তবয়স্কের তাৎক্ষণিক জ্ঞান ছাড়াই ঘটতে পারে, যেমন অন্যরা সোশ্যাল মিডিয়ায় তাদের ভিডিও বা ছবি দিতে পারে।

44. CSE এমন যে কোনো অপ্রাপ্তবয়স্কের সাথে হতে পারে, যাকে যৌন কাজে জড়াতে বাধ্য করা হয়েছে। এর মধ্যে 16 এবং 17 বছর বয়সীরাও রয়েছে যারা আইনত যৌনসঙ্গমে সম্মতি দিতে পারে। এটি একজন ব্যক্তি বা একটি সংগঠিত নেটওয়ার্ক[13] দ্বারা সংঘটিত হতে পারে এবং বেশিরভাগ যৌন লাঞ্ছনা এমন ব্যক্তিদের দ্বারা সংঘটিত হয় যাদের ভুক্তভোগী আগে থেকেই চিনত। কিছু অপ্রাপ্তবয়স্ক বুঝতে পারে না যে তারা শোষিত হচ্ছে, ভাবতে পারে যে তারা সত্যিই রোমান্টিক সম্পর্কে রয়েছে। CCE-র মতোই, ভুক্তভোগীদের সবসময় শনাক্ত করা যায় না এবং জবরদস্তির শিকার হয়ে তারা যে কাজ করে তার জন্য তাদের অপরাধী হিসেবেও গণ্য করা হতে পারে। এটি একটি উল্লেখযোগ্য উদ্বেগের বিষয়, কারণ পেশাদাররা এখনও এমন কেসের সম্মুখীন হচ্ছেন যেখানে শিশুরা তাদের শোষণ সম্পূর্ণরূপে না বুঝেই প্রভাবিত, গ্রুমড এবং শোষিত হচ্ছে।

### নিজের বাড়িতে হওয়া অপব্যবহার বা অত্যাচার

45. পারিবারিক লাঞ্ছনার মধ্যে বহু বিভিন্ন ধরনের আচরণ অন্তর্ভুক্ত থাকতে পারে এবং এটি একটি একক ঘটনা বা ঘটনার একটি প্যাটার্ন হতে পারে। এই ধরনের লাঞ্ছনা মানসিক, শারীরিক, যৌন, আর্থিক বা মানসিক হতে পারে তবে তাতেই সীমাবদ্ধ নয়। অপ্রাপ্তবয়স্করা পারিবারিক লাঞ্ছনার শিকার হতে পারে। তারা বাড়িতে লাঞ্ছনার প্রভাব দেখতে, শুনতে বা অনুভব করতে পারে এবং/অথবা তাদের নিজেদের অন্তরঙ্গ সম্পর্কের (কিশোর সম্পর্কের লাঞ্ছনার) মধ্যে পারিবারিক লাঞ্ছনার শিকার হতে পারে। যার সবকটিই তাদের স্বাস্থ্য, সুস্থতা এবং শেখার ক্ষমতার উপর ক্ষতিকর এবং দীর্ঘমেয়াদী প্রভাব ফেলতে পারে।

### স্ত্রীদের যৌনাঙ্গ ছেদন (FGM)

46. যদিও **সব** কর্মীদেরই মহিলা যৌনাঙ্গ বিকৃতি (FGM) সম্পর্কিত কোনো উদ্বেগ থাকলে মনোনীত সুরক্ষাপ্রধান (বা তার ডেপুটি)-এর সাথে কথা বলা উচিত, তবুও **শিক্ষকদের জন্য একটি নির্দিষ্ট আইনি দায়িত্ব রয়েছে।**[14] যদি কোনো শিক্ষক তার পেশাগত কাজে জানতে পারেন যে 18 বছরের কম বয়সী কোনো মেয়ের ওপর FGM কার্যকর হয়েছে বলে মনে হচ্ছে, তবে সেই শিক্ষককে এটি **অবশ্যই** পুলিশের কাছে রিপোর্ট করতে হবে। 176 পৃষ্ঠা দেখুন।

### মানসিক স্বাস্থ্য

47. **সকল** কর্মীকে সচেতন থাকতে হবে যে কিছু ক্ষেত্রে মানসিক স্বাস্থ্য সমস্যা সুরক্ষা সংক্রান্ত উদ্বেগে পরিণত হতে পারে। এর মধ্যে আত্মক্ষতি, আত্মহত্যার চিন্তা বা আত্মহত্যার ঝুঁকি অন্তর্ভুক্ত থাকতে পারে। এগুলি এই বিষয়েরও ইঙ্গিত হতে পারে যে একটি শিশু লাঞ্ছনা, অবহেলা বা শোষণের শিকার হয়েছে বা তার ঝুঁকিতে রয়েছে।

48. মানসিক স্বাস্থ্য সমস্যা নির্ণয়ের জন্য **কেবল** উপযুক্ত প্রশিক্ষিত ব্যক্তিদেরই চেষ্টা করা উচিত। অবশ্য অপ্রাপ্তবয়স্কদের প্রতিদিন পর্যবেক্ষণ করার জন্য এবং যাদের আচরণ থেকে বোঝা যায় যে তারা কোনও মানসিক স্বাস্থ্য সমস্যা ভুগতে পারে বা তাদের মানসিক স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হওয়ার ঝুঁকি থাকতে পারে তাদের প্রত্যক্ষ করার উপযুক্ত জায়গায় শিক্ষাকর্মীরা আছেন। কোনো শিশু তার মানসিক স্বাস্থ্য নিয়ে সংগ্রাম করছে, নিজেকে আঘাত করছে, খাদ্যাভ্যাসজনিত সমস্যায় ভুগছে বা আত্মহত্যার চিন্তা করছে এবং জীবন শেষ করার পরিকল্পনা করছে, সেক্ষেত্রে সম্ভাব্য সতর্কীকরণ লক্ষণ থাকতে পারে, যা শিক্ষা কর্মীরা চিনতে সক্ষম হন।

এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- আচরণে উল্লেখযোগ্য পরিবর্তন,

---

[13] The Independent Inquiry into Child Sexual Abuse (শিশু যৌন নির্যাতন সংক্রান্ত স্বতন্ত্র তদন্ত): একটি সংগঠিত নেটওয়ার্ক দুই বা ততোধিক ব্যক্তি দ্বারা চিহ্নিত হয় (তারা শনাক্ত হোক বা না হোক) যারা একে অপরের পরিচিত (বা সংশ্লিষ্ট) এবং শিশুদের যৌন শোষণে জড়িত থাকা বা তা সহজতর করার জন্য পরিচিত। শিশুদের যৌন শোষণে জড়িত থাকার মধ্যে শোষণের উদ্দেশ্যে তাদের অন্য ব্যক্তির সাথে পরিচয় করিয়ে দেওয়া, যৌন শোষণের উদ্দেশ্যে কোনো শিশুকে পাচার করা, কোনো শিশুর সাথে যৌন কার্যকলাপের জন্য অর্থ প্রদান করা বা কোনো শিশুর সাথে যৌন কার্যকলাপের জন্য নিজের সম্পত্তি ব্যবহারের অনুমতি দেওয়া অন্তর্ভুক্ত।

[14] স্ত্রী যোনাঙ্গ ছেদন আইন 2003-এর ধারা 5B(11)(a)-এর অধীনে, "শিক্ষক" বলতে বোঝায়, ইংল্যান্ডের ক্ষেত্রে, শিক্ষা আইন 2002-এর ধারা 141A(1)-এর অধীনে থাকা কোনো ব্যক্তি (ইংল্যান্ডের স্কুল এবং অন্যান্য প্রতিষ্ঠানে শিক্ষণ কাজ সম্পাদনের জন্য নিযুক্ত বা এতে সংযুক্ত ব্যক্তি)।

- ক্রমাগত ঘুমের সমস্যা,
- সামাজিক পরিস্থিতি থেকে দূরে সরে যাওয়া,
- সাধারণত পছন্দ করে এমন জিনিস করতে না চাওয়া, এবং
- আত্মক্ষতি বা নিজেকে অবহেলা করার শারীরিক লক্ষণ।

49. এই আচরণগুলি প্রদর্শনকারী প্রতিটি শিশুই আত্মহত্যাপ্রবণ বা মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছে এমন নয়। তবে, এই এবং অন্যান্য সম্ভাব্য সতর্কীকরণ লক্ষণ চিহ্নিত করার মাধ্যমে, শিক্ষা কর্মীরা মানসিক স্বাস্থ্য নিয়ে সংগ্রামরত এবং আত্মহত্যার কথা ভাবছেন এমন শিশুদের চিহ্নিত করতে এবং সহায়তা ও গুরুত্বপূর্ণ প্রারম্ভিক হস্তক্ষেপ প্রদান করতে পারেন। স্কুল এবং কলেজগুলিকে নিশ্চিত করা উচিত যে তারা যেসব হস্তক্ষেপ প্রদান করে তা নিরাপদ ও কার্যকর এবং প্রয়োজন ও শিক্ষার পর্যায়ের জন্য উপযুক্ত বলে প্রমাণিত।

50. কর্মীদের কোনো শিশুর মানসিক স্বাস্থ্য নিয়ে উদ্বেগ থাকলে যা একটি সুরক্ষা সংক্রান্ত উদ্বেগও বটে, তাদের শিশু সুরক্ষা নীতি অনুসরণ করা এবং মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব বা ডেপুটির সাথে কথা বলা উচিত। কর্মীরা মনে করলে যে কোনো শিশু বিপদে আছে, তাদের 999-এ কল করা উচিত অথবা কোনো মা-বাবা/পরিচর্যাকারী বা অন্য উপযুক্ত ব্যক্তির মাধ্যমে অবিলম্বে A&E-তে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা উচিত। কোনো শিশুর মানসিক স্বাস্থ্যের জন্য জরুরি সাহায্যের প্রয়োজন হলেও তা জরুরি অবস্থা না হলে, কর্মীরা NHS 111 অনলাইনে অথবা 111 নম্বরে কল করে মানসিক স্বাস্থ্য অপশন বেছে নিয়ে সাহায্য পেতে পারেন।

## গুরুতর হিংসা

51. গুরুতর হিংসা একটি চলমান সুরক্ষা সংক্রান্ত উদ্বেগ। এতে শারীরিক আক্রমণ, অস্ত্র বহন, হুমকি দেওয়া বা ব্যবহার করা জড়িত থাকতে পারে, প্রায়ই সমবয়সীদের দ্বন্দ্ব বা উৎপীড়নের প্রেক্ষাপটে, এবং এটি অপরাধমূলক শোষণের সাথেও যুক্ত হতে পারে। কোনো শিশুর অস্ত্র বহন বা ব্যবহার (অথবা তা করার ইচ্ছা প্রকাশ) সম্পর্কে যেকোনো উদ্বেগ কর্মীদের মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব (বা একজন ডেপুটি)-কে জানানো উচিত। মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্বের ব্যাপক তথ্য ও উদ্বেগ বিবেচনা করে সংশ্লিষ্ট শিক্ষার্থী এবং স্কুলের অন্যদের জন্য ঝুঁকি মূল্যায়ন করা এবং যথাযথ পদক্ষেপ নেওয়া উচিত। ঝুঁকি অনুযায়ী, তাদের একটি নিরাপত্তা ও সহায়তা পরিকল্পনা প্রণয়ন করা উচিত, এবং প্রাসঙ্গিক ক্ষেত্রে সমবয়সীদের দ্বন্দ্ব প্রশমিত করার পদক্ষেপ বিবেচনা করা উচিত।

52. স্কুলগুলি শিশুদের হিংসা থেকে রক্ষা করতে, ভুক্তভোগীদের সুরক্ষা প্রদান করতে, এবং যারা হিংসার ঝুঁকিতে আছে বা হিংসা সংঘটনে জড়িত (যারা নিজেরাও ভুক্তভোগী হতে পারে) তাদের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কোনো শিশু গুরুতর হিংসার ঝুঁকিতে আছে বা তাতে জড়িত থাকতে পারে এমন লক্ষণের প্রতি কর্মীদের সতর্ক থাকা উচিত। বিঘ্নিত শিক্ষা (যেমন সাসপেনশন, স্থায়ী বহিষ্কার, বিকল্প ব্যবস্থায় সময় কাটানো) বা অপরাধের ইতিহাস আছে এমন শিশুদের ক্ষেত্রে এই ঝুঁকি বেশি। স্কুলগুলিরও স্কুলের দিনের কোন সময়ে শিশুরা সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকতে পারে (উদাহরণস্বরূপ, স্কুল শেষ হওয়ার ঠিক পরে) সে বিষয়ে সতর্ক থাকার চেষ্টা করা উচিত। গুরুতর হিংসা সম্পর্কিত লক্ষণ, ঝুঁকির কারণ এবং সুরক্ষামূলক পদক্ষেপ সম্পর্কে আরও তথ্য পরিশিষ্ট A-তে দেওয়া আছে।

53. যারা ঝুঁকিতে আছে বলে মনে করা হয় তাদের জন্য প্রারম্ভিক, প্রমাণ-ভিত্তিক সহায়তা, পাশাপাশি উদ্বেগ দেখা দেওয়ার গুরুত্বপূর্ণ মুহূর্তে সহায়তা, অত্যাবশ্যক। এর মধ্যে বিশ্বস্ত প্রাপ্তবয়স্কদের সাথে সংযোগ, সামাজিক ও আবেগজনিত দক্ষতা সহায়তা, এবং প্রাপ্তিসাপেক্ষে মেন্টরিং বা থেরাপিউটিক সহায়তার মতো টার্গেটেড হস্তক্ষেপে প্রবেশাধিকার অন্তর্ভুক্ত থাকে (প্রমাণ-ভিত্তিক সহায়তার ব্যবহারিক নির্দেশিকা Youth Endowment Fund (YEF) (হিংসা প্রতিরোধের "কী কাজ করে" বিষয়ক কেন্দ্র) থেকে পাওয়া যায়)।

54. মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্বরা রেফারাল এবং কখন পুলিশের সাথে যোগাযোগ করতে হবে সে সম্পর্কে আরও নির্দেশিকা পরিশিষ্ট B (রেফারাল পরিচালনা)-এ পাবেন।

## অতিরিক্ত তথ্য ও সহায়তা

55. বিভাগীয় পরামর্শ What to do if you're worried a child is being abused: advice for practitioners (আপনি যদি চিন্তিত থাকেন যেকোনও বাচ্চাকে লাঞ্ছনা করা হচ্ছে তাহলে কি করবেন: অনুশীলনকারীদের জন্য পরামর্শ) -তে লাঞ্ছনা এবং অবহেলা বোঝা ও শনাক্তকরণ সম্পর্কে আরও তথ্য আছে। লাঞ্ছনা ও উপেক্ষার সম্ভাব্য আভাসগুলির উদাহরণগুলি ঐ পরামর্শে সর্বত্র হাইলাইট করা হয়েছে আর স্কুল এবং কলেজের কর্মীদের জন্য এটি বিশেষভাবে সহায়ক হবে। NSPCC ওয়েবসাইটে লাঞ্ছনা ও অবহেলা এবং কোন দিকে নজর রাখতে হবে তার ব্যাপারে উপযুক্ত অতিরিক্ত তথ্য রয়েছে।

56. **পরিশিষ্ট A-তে নির্দিষ্ট ধরণের লাঞ্ছনা, শোষণ এবং সুরক্ষা ব্যবস্থার বিষয়গুলি সম্পর্কে অতিরিক্ত তথ্য রয়েছে। স্কুল এবং কলেজের নেতারা এবং যে সব কর্মীরা সরাসরি শিশুদের সাথে কাজ করেন, তাদের পরিশিষ্ট A পড়া উচিত।**

## কোনও অপ্রাপ্তবয়স্কর সম্পর্কে উদ্বেগ থাকলে স্কুল এবং কলেজের কর্মীদের কি করা উচিত

57. সুরক্ষা ব্যবস্থার ক্ষেত্রে শিশুদের সাথে কাজ করছেন এমন কর্মীকে '**এখানে ঘটতে পারে**' এমন মনোভাব রাখার পরামর্শ দেওয়া হয়। বাচ্চাদের কল্যাণ সম্পর্কে কোনও উদ্বেগ থাকলে, কর্মচারীদের সব সময় বাচ্চাদের জন্য উপযুক্ত **সর্বোত্তম স্বার্থে** কাজ করা উচিত।

58. কোনও বাচ্চার কল্যাণ সম্পর্কে কর্মীদের **কোনও উদ্বেগ** থাকলে তাদের **অবিলম্বে** পদক্ষেপ নিতে হবে। কোনওঅপ্রাপ্তবয়স্ক সম্পর্কে কর্মীদের উদ্বেগ থাকলে তখন তাদের কি করা উচিত তা জানতে 27 নম্বর পাতার ফ্লোচার্ট দেখুন।

59. কর্মীদের কোনও উদ্বেগ থাকলে তাদের নিজস্ব সংস্থার শিশু সুরক্ষা নীতি অনুসরণ করা উচিত এবং মনোনীত সুরক্ষা প্রধানের (বা ডেপুটির) সাথে কথা বলা উচিত।

60. তারপর বিকল্পগুলিতে থাকবে:

- স্কুল বা কলেজের নিজস্ব ব্যক্তিগত সহায়তা প্রদান প্রক্রিয়ার মাধ্যমে অভ্যন্তরীণভাবে অপ্রাপ্তবয়স্ককে সহায়তা দেওয়া, যার মধ্যে বিবেচনা করা হবে যে তা করা শিশুকে অতিরিক্ত ঝুঁকিতে ফেলে কিনা, এবং মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব (বা একজন ডেপুটি)-র শিশুর সুস্থতাকে আরও সহায়তা করতে মা-বাবা বা পরিচর্যাকারীকে জানানো উচিত কিনা,
- শীঘ্র পারিবারিক সাহায্যের মূল্যায়ন করা।[15] অথবা
- বিধিবদ্ধ পরিষেবাগুলির কাছে এইগুলির জন্য একটি রেফারেল করা,[16] যেমন, শিশুদের যা প্রয়োজন হতে পারে, প্রয়োজন আছে বা কোনও কিছুতে ভুগছে বা ভোগার সম্ভাবনা রয়েছে।

61. মনোনীত সুরক্ষা প্রধানের বা ডেপুটির সুরক্ষা ব্যবস্থা সংক্রান্ত আলোচনা করার জন্য সবসময় উপলভ্য থাকা উচিত। ব্যতিক্রমী পরিস্থিতিতে, মনোনীত সুরক্ষা প্রধানকে (বা ডেপুটিকে) পাওয়া না গেলে, তার অনুপস্থিতিতে যথাযথ পদক্ষেপ নিতে দেরি করা উচিত নয়। কর্মীদের উর্ধ্বতন নেতৃত্ব দলের সদস্যের সাথে কথা বলা উচিত এবং/অথবা লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশ্যাল কেয়ারের সাথে পরামর্শ নেওয়া উচিত। এই রকম পরিস্থিতিতে নেওয়া যে কোন পদক্ষেপ বাস্তবত যতটা তাড়াতাড়ি সম্ভব মনোনীত সেফগার্ডিং লীডকে (বা ডেপুটিকে) জানানো উচিত।

62. কোনও কর্মীর মনে করা উচিত না যে সহকর্মী বা অন্য কোন পেশাদার পদক্ষেপ নেবে এবং অপ্রাপ্তবয়স্ককে সুরক্ষিত রাখতে গুরুত্বপূর্ণ হতে পারে এমন তথ্য তাদের সাথে ভাগ করা উচিত। তাদের মনে রাখা উচিত যে এই সমস্যাগুলি প্রথম দেখা দেওয়ামাত্র বা সেই অপ্রাপ্তবয়স্ক ইতিমধ্যেই লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশ্যাল কেয়ারের পরিচিত হওয়া নির্বিশেষে (যেমন অভাবগ্রস্ত অপ্রাপ্তবয়স্ক বা সুরক্ষা পরিকল্পনাপ্রাপ্ত অপ্রাপ্তবয়স্ক) যথাশীঘ্র তথ্য জানানো কার্যকর শনাক্তকরণ, মূল্যায়ন এবং যথাযথ পরিষেবা বরাদ্দ করে দেওয়ার জন্য অপরিহার্য। Information sharing: advice for practitioners providing safeguarding services to children, young people, parents and carers (তথ্য ভাগাভাগি: শিশুদের, তরুণ-তরুণী, পিতামাতা এবং যত্নকারী সহায়তা কর্মীদের সুরক্ষা-সেবা প্রদানকারী প্র্যাকটিশনারদের জন্য পরামর্শ কর্মীদের সহায়তা করে) , যাদের তথ্য ভাগাভাগি নিয়ে সিদ্ধান্ত নিতে হয়।

63. **ডেটা প্রোটেকশন অ্যাক্ট শিশুদের নিরাপদ রাখা এবং তাদের কল্যাণার্থে তথ্য ভাগ করায় বাধা দেয় না।** তথ্য জানানোর বিষয়ে কোনও সন্দেহ থাকলে কর্মীর মনোনীত সুরক্ষা প্রধান বা ডেপুটির সাথে কথা বলা উচিত। তথ্য জানানোর বিষয়ে আশঙ্কা **অবশ্যই** যেন শিশুদের সুরক্ষা প্রদান করা এবং নিরাপত্তার প্রয়োজনীয়তার পথে বাধা হয়ে **না** দাঁড়ায়।

## কমিউনিটি-ভিত্তিক শীঘ্র সাহায্যের মূল্যায়ন

64. শিশুদের বিধিবদ্ধ শিশু পরিষেবার সহায়তার প্রয়োজন না হলে, মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব (বা একজন ডেপুটি) সাধারণত অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ এবং প্রয়োজন অনুসারে একটি আন্তঃসংস্থা মূল্যায়নের ব্যবস্থার নেতৃত্ব দেবেন। কর্মীদের এই মূল্যায়ন পরিচালনায় অন্যান্য সংস্থা ও পেশাদারদের সহায়তা করতে হতে পারে, কিছু ক্ষেত্রে প্রধান অনুশীলনকারী হিসেবে কাজ করে। ফ্যামিলি হেল্পের প্রয়োজনীয়তার কার্যকর মূল্যায়নের বিষয়ে আরও নির্দেশিকা Working Together to Safeguard Children (শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা)-এ পাওয়া যায়। এই ধরনের যেকোনো কেস নিয়মিত পর্যালোচনার অধীনে রাখা উচিত এবং শিশুর পরিস্থিতির উন্নতি না হলে বা তা আরও খারাপ হলে বিধিবদ্ধ পরিষেবার জন্য মূল্যায়নের উদ্দেশ্যে স্থানীয় কর্তৃপক্ষের শিশুদের সামাজিক যত্নে রেফারালের বিষয়ে বিবেচনা করা উচিত। বিকল্পভাবে, যোগ্য প্রধান অনুশীলনকারীরা (অর্থাৎ যারা সমাজকর্মী নন) যারা বিধিবদ্ধ হস্তক্ষেপের আগে মূল্যায়নের নেতৃত্ব দিতে পারেন, তারা ধারা 17 পর্যন্ত এবং তা সহ পরিবারের সাথে কাজ চালিয়ে যেতে পারেন।

[15] পারিবারিক সাহায্যের মূল্যায়ন, পারিবারিক সাহায্য সংক্রান্ত পরিষেবা প্রদান এবং পরিষেবা অ্যাক্সেস করার বিষয়ে অতিরিক্ত তথ্য এখানে দেওয়া হয়েছে Working Together to Safeguard Children (শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা)।

[16] Working Together to Safeguard Children (শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা) -এ বলা হয়েছে যে সুরক্ষা ব্যবস্থার অংশীদারদের একটি থ্রেশহোল্ড নথি প্রকাশ করা উচিত যাতে চাহিদা সহ মাপদণ্ড, কোন কোন ক্ষেত্রে এবং কখন বিভাগ 17 এবং 47 অনুসারে স্থানীয় কর্তৃপক্ষের শিশুদের সামাজিক যত্ন বিভাগে বিধিবদ্ধ পরিষেবাগুলির জন্য কেস নিবন্ধন করা যাবে সেসব বিষয় উল্লেখ করতে হবে। স্থানীয় কর্তৃপক্ষের, সহযোগীদের সাথে, মূল্যায়নের স্থানীয় প্রোটোকলের বিকাশ এবং প্রকাশ করা উচিত। লোকাল অথরিটির চিল্ড্রেনস সোশাল কেয়ারের কাছে কোনও অপ্রাপ্তবয়স্ককে রেফার করার পর কেসগুলি কিভাবে পরিচালিত হবে তার সুস্পষ্ট ব্যবস্থা একটি স্থানীয় প্রোটোকলে করা উচিত।

### অপ্রাপ্তবয়স্কদের বিধিবদ্ধ সোশাল কেয়ারের মূল্যায়ন এবং পরিষেবা

65. **যেখানে একটি শিশু কষ্ট পাচ্ছে বা ক্ষতির সম্মুখীন হওয়ার সম্ভাবনা রয়েছে, সেক্ষেত্রে শিশুদের সামাজিক যত্নর জন্য দায়িত্বপ্রাপ্ত স্থানীয় কর্তৃপক্ষকে এবং প্রয়োজন হলে পুলিশকে,** (দেখুন when to call the police: guidance for schools and colleges (npcc.police.uk) (কখন পুলিশকে কল করতে হবে: স্কুল এবং কলেজগুলির জন্য নির্দেশিকা) (npcc.police.uk)) **এই বিষয়ে অবিলম্বে জানানো গুরুত্বপূর্ণ।** রেফারেলের ক্ষেত্রে স্থানীয় রেফারেল প্রক্রিয়া অনুসরণ করা উচিত।

66. স্থানীয় কর্তৃপক্ষের শিশুদের সামাজিক যত্ন সংক্রান্ত মূল্যায়নে বাড়ির বাইরে শিশুদের ক্ষতি করা হচ্ছে কিনা সেই বিষয়ে বিবেচনা করা উচিত[17], আর তাই স্কুল এবং কলেজগুলির রেফারেল প্রক্রিয়ার অংশ হিসেবে যত বেশি সম্ভব তথ্য প্রদান করতে হবে। এর ফলে যে কোনও মূল্যায়নে সমস্ত উপলভ্য সাক্ষ্যপ্রমাণ বিবেচনা করার সুযোগ থাকবে এবং এই ধরনের ক্ষতির মোকাবিলায় প্রাসঙ্গিক পদ্ধতি নেওয়া যাবে। এখানে অতিরিক্ত তথ্য পাবেন: Contextual Safeguarding (প্রাসঙ্গিক সুরক্ষা ব্যবস্থা)।

67. অনলাইন টুল Report child abuse to your local council (আপনার স্থানীয় কাউন্সিলে শিশু নির্যাতনের রিপোর্ট করুন) সংশ্লিষ্ট স্থানীয় কর্তৃপক্ষকে শিশুদের সামাজিক যত্নের যোগাযোগের বিবরণের নির্দেশ দেয়।

### অসহায় অপ্রাপ্তবয়স্ক

68. চিলড্রেন অ্যাক্ট 1989 অনুযায়ী, প্রয়োজনীয় সহায়তার প্রয়োজন রয়েছে এমন শিশু বলতে সেই শিশুকে বোঝানো হয়, যে শিশু যুক্তিসঙ্গত পর্যায়ের স্বাস্থ্য বা বিকাশ অর্জন করতে বা বজায় রাখতে সক্ষম নয়, অথবা যার স্বাস্থ্য ও বিকাশ সেবা প্রদান না করলে উল্লেখযোগ্যভাবে বা আরও অবনতি হতে পারে; অথবা যে শিশু প্রতিবন্ধী। অসহায় অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষা ব্যবস্থায় এবং তাদের কল্যাণ রক্ষার্থে তাদের পরিষেবা প্রদান করতে স্থানীয় কর্তৃপক্ষবাধ্য। চিলড্রেনস অ্যাক্ট 1989 এর ধারা 17-এর অধীনে অসহায় শিশুর মূল্যায়ন করা যেতে পারে। Working Together to Safeguard Children-এ বর্ণিত হিসাবে, স্থানীয় কর্তৃপক্ষগুলিকে, তাদের সুরক্ষা অংশীদার ও প্রাসঙ্গিক সংস্থার সাথে, মূল্যায়ন ও সহায়তার জন্য স্থানীয় প্রোটোকল প্রণয়ন, সম্মত ও প্রকাশ করা উচিত। এতে উল্লেখ থাকা উচিত ধারা 17-এর অধীনে শিশু ও তাদের পরিবারকে সহায়তায় কে প্রধান অনুশীলনকারী হিসেবে কাজ করতে পারেন (যা কেবল সমাজকর্মীদের মধ্যে সীমাবদ্ধ নয়)।

### যে সব অপ্রাপ্তবয়স্করা ভুগছে বা যথেষ্ট ভোগার সম্ভাবনা আছে

69. দরকার মত, অন্যান্য সংস্থার সাহায্যে চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 47 এর অধীনে স্থানীয় কর্তৃপক্ষের দায়িত্ব হলো অনুসন্ধান পরিচালনা করা, যদি তাদের যুক্তিসঙ্গত কারণ থাকে এমনটা সন্দেহ করার যে কোনো শিশু বর্তমানে উল্লেখযোগ্য ক্ষতির শিকার হচ্ছে বা ভবিষ্যতে ক্ষতির শিকার হওয়ার সম্ভাবনা রয়েছে। এই ধরনের জিজ্ঞাসাবাদ তাদের এই সিদ্ধান্ত নিতে সাহায্য করে যে দুর্ব্যবহার নিয়ে দুশ্চিন্তা থাকলে তাদের অপ্রাপ্তবয়স্কর কল্যাণ এবং অপ্রাপ্তবয়স্কদের সুরক্ষিত রাখতে কোনও পদক্ষেপ নেওয়া উচিত কিনা। এর মধ্যে সব ধরনের লাঞ্ছনা, অবহেলা এবং শোষণমূলক ঘটনা অন্তর্ভুক্ত থাকে।

### স্থানীয় কর্তৃপক্ষ কী করবে?

70. রেফারেল করার একদিনের মধ্যে, স্থানীয় কর্তৃপক্ষের একজন সমাজকর্মীকে রেফারারের কাছে সেই প্রাপ্তি স্বীকার করতে হবে এবং পরবর্তী পদক্ষেপ ও প্রয়োজনীয় প্রতিক্রিয়ার ধরন সম্পর্কে সিদ্ধান্ত নিতে হবে। এ ক্ষেত্রে নির্ধারণ করা হবে যে:

- অপ্রাপ্তবয়স্কের ক্ষেত্রে অবিলম্বে সুরক্ষা এবং জরুরি পদক্ষেপ প্রয়োজন কিনা,
- অপ্রাপ্তবয়স্ক এবং পরিবারের কোন পরিষেবা এবং কী ধরণের পরিষেবা প্রয়োজন,
- অপ্রাপ্তবয়স্কটি অসহায় কিনা, এবং চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 17-র অধীনে তার মূল্যায়ন করা উচিত কিনা। Working Together to Safeguard Children (শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা)-এ মূল্যায়ন প্রক্রিয়ার বিবরণ প্রদান করা হয়েছে,
- শিশুটি ভুগছে বা যথেষ্ট ভোগার সম্ভাবনা আছে বলে সন্দেহ করার যুক্তিসঙ্গত কারণ রয়েছে কিনা তা অনুসন্ধান করা উচিত কিনা এবং চিলড্রেন অ্যাক্ট 1989 এর ধারা 47 এর অধীনে তার মূল্যায়ন করা হবে কিনা; Working Together to Safeguard Children (শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা)-এ মূল্যায়ন প্রক্রিয়ার বিবরণ দেওয়া আছে এবং
- স্থানীয় কর্তৃপক্ষকে আর কোন পদক্ষেপ নিতে হবে তা নির্ধারণে সাহায্য করতে আরও বিশেষজ্ঞ দ্বারা মূল্যায়ন করতে হবে কিনা।

71. এই তথ্য সহজে না পাওয়া গেলে রেফারারের খোঁজ নিয়ে দেখা উচিত।

72. সমাজকর্মীরা একটি বিধিবদ্ধ মূল্যায়ন করার সিদ্ধান্ত নিলে সেই মূল্যায়নে সহায়তা করার জন্য কর্মীদের যতদূর সম্ভব সহযোগিতা করা উচিত, দরকার মত মনোনীত সেফগার্ডিং লীড (বা ডেপুটির) সহায়তায়।

[17] বাড়ির বাইরের পরিবেশ এবং পরিবার-বহির্ভূত ক্ষতি সম্পর্কে আরও তথ্যের জন্য Working Together to Safeguard Children (শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা) দেখুন।

73. রেফারেলের পরে অপ্রাপ্তবয়স্কর অবস্থার উন্নতি হয়নি বলে মনে হলে, রেফারারের স্থানীয় স্তরে তৎপরতা বাড়ানোর পদ্ধতি অনুসরণ করার বিষয়ে বিবেচনা উচিত যাতে তাদের উদ্বেগগুলির বিষয়ে ব্যবস্থা নেওয়া হয় এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ, যাতে অপ্রাপ্তবয়স্কটির পরিস্থিতিতে উন্নতি হয়।

### রেকর্ড রাখা

74. সমস্ত উদ্বেগ, আলোচনা এবং নেওয়া সিদ্ধান্তগুলি এবং সেই সিদ্ধান্তগুলির কারণসমূহের লিখিত রেকর্ড থাকা উচিত। স্কুল বা কলেজের দ্বারা একটি কেস পরিচালনা করা সম্পর্কে যদি/যখন কোনও অভিযোগের প্রতিক্রিয়া জানাতে হয় তখনও এটি সাহায্য করবে। তথ্য গোপন রাখা এবং নিরাপদে সংরক্ষণ করা উচিত। প্রত্যেক অপ্রাপ্তবয়স্কের জন্য পৃথক অপ্রাপ্তবয়স্ক সুরক্ষা ফাইলে উদ্বেগ এবং রেফারেল রাখলে ভাল হয়।

রেকর্ডে অন্তর্ভুক্ত **করা উচিত**:

- সব উদ্বেগের পরিষ্কার এবং সম্যক সারসংক্ষেপ
- এই উদ্বেগগুলির জন্য কী ব্যবস্থা নেওয়া এবং সমাধান করা হয়েছে তার বিবরণ, এবং
- যে পদক্ষেপ, সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং পরিণতি হয়েছে সেসবের বর্ণনা।

75. রেকর্ড করার প্রয়োজনীয়তা সম্পর্কে সন্দেহ থাকলে কর্মীদের মনোনীত সুরক্ষা প্রধানের (বা ডেপুটির) সাথে আলোচনা করা উচিত।

### এসব কেন গুরুত্বপূর্ণ?

76. সুরক্ষাজনিত ঝুঁকি সামলাতে, সমস্যাগুলি যাতে না বাড়ে তা প্রতিরোধ করতে এবং অপ্রাপ্তবয়স্কদের হিতসাধন নিশ্চিত করতে সঠিক সময়ে অপ্রাপ্তবয়স্কদের সঠিক সাহায্য পাওয়া দরকার। গবেষণা এবং স্থানীয় শিশু সুরক্ষা অনুশীলন পর্যালোচনায় বারবার প্রমাণিত হয়েছে যে কার্যকর পদক্ষেপ নিতে ব্যর্থ হওয়ার বিপদ কতটা গুরুতর।[18] স্থানীয় শিশু সুরক্ষার অনুশীলন সম্পর্কিত আরও তথ্য Working Together to Safeguard Children (শিশুদের সুরক্ষিত রাখার জন্য একসাথে মিলে কাজ করা)-এ পাওয়া যেতে পারে।

ভুল অনুশীলনের উদাহরণগুলির মধ্যে রয়েছে:

- লাঞ্ছনা এবং অবহেলার প্রারম্ভিক লক্ষণে পদক্ষেপ নিতে ও রেফার করতে ব্যর্থ হওয়া,
- ভাল করে রেকর্ড না রাখা,
- অপ্রাপ্তবয়স্কের মতামতে কান না দেওয়া,
- পরিস্থিতির উন্নতি না হলে উদ্বেগ পুনরায় মূল্যায়ন করতে ব্যর্থ হওয়া,
- এজেন্সিদের নিজেদের মধ্যে এবং একে অপরের সাথে সঠিক ব্যক্তিদের সাথে তথ্য ভাগ না করা,

খুব ধীরে ধীরে তথ্য ভাগ করা এবং

- যারা পদক্ষেপ নিচ্ছে না বলে মনে হয় তাদেরকে প্রশ্ন না করা।

### স্কুল এবং কলেজের কর্মীদের অন্য সুরক্ষা সম্পর্কে উদ্বেগ থাকলে বা অন্য কর্মীসদস্যের বিরুদ্ধে অভিযোগ থাকলে কি করা উচিত

77. স্কুল এবং কলেজগুলিতে কর্মী সদস্যদের (সরবরাহ কর্মী, প্রশিক্ষণার্থী শিক্ষক, স্বেচ্ছাসেবক এবং ঠিকাদার সহ) নিয়ে যেকোনও সুরক্ষা সংক্রান্ত উদ্বেগ বা অভিযোগ (যত নগণ্য হোক না কেন) নিয়ন্ত্রণ করার প্রক্রিয়া এবং পদ্ধতি থাকা উচিত।

78. কোনও কর্মীর সুরক্ষা সংক্রান্ত কোনও চিন্তা থাকলে বা কর্মীদের অন্য একজন সদস্য (সরবরাহ কর্মী, প্রশিক্ষণার্থী শিক্ষক, স্বেচ্ছাসেবক এবং ঠিকাদার সহ) দ্বারা শিশুদের কোনও ক্ষতি করার বা ক্ষতির ঝুঁকি তৈরি করার অভিযোগ থাকলে:

- তা প্রধান শিক্ষক বা অধ্যক্ষকে জানানো উচিত, যিনি বিবেচনা করবেন LADO-র কাছে পরবর্তী রেফারাল প্রয়োজন কিনা,
- যেখানে প্রধান শিক্ষক বা অধ্যক্ষ সম্পর্কে উদ্বেগ/অভিযোগ থাকে, সেখানে গভর্নরদের প্রধান, ব্যবস্থাপনা কমিটির প্রধান বা কোনও ব্যক্তিগত স্কুলের মালিককে জানানো উচিত এবং
- প্রধান শিক্ষক সম্পর্কে উদ্বেগ/অভিযোগ থাকলে, সেই প্রধান শিক্ষক সেই স্বতন্ত্র স্কুলের একমাত্র মালিক হলে অথবা এমন পরিস্থিতি থাকলে যেখানে প্রধান শিক্ষকের কাছে রিপোর্ট করতে গেলে স্বার্থের দ্বন্দ্ব দেখা দিতে পারে, সেক্ষেত্রে সরাসরি LADO জানাতে হবে। আপনার স্থানীয় LADO'র বিবরণ আপনার স্থানীয় কর্তৃপক্ষের ওয়েবসাইটে সহজেই পাওয়া উচিত।

79. যদি কর্মচারীর মধেয় অন্য কোনও কর্মী সদস্য (এর মধ্যে সরবরাহকারী কর্মী, প্রশিক্ষণার্থী শিক্ষক, স্বেচ্ছাসেবক বা ঠিকাদার পড়ে) সম্পর্কে সুরক্ষা প্রদান সংক্রান্ত উদ্বেগ বা অভিযোগ থাকে, যা ক্ষতির ধার্য করা থ্রেশহোল্ডের শর্ত পূরণ করে না, তাহলে সেই অভিযোগ বা

[18] গুরুতর কেস পর্যালোচনার একটি বিশ্লেষণ এখানে পাওয়া যাবে: gov.uk/government/publications/serious-case-reviews-analysis-lessons-and-challenges

উদ্বেগকে সংশ্লিষ্ট স্কুল বা কলেজের নিম্নস্তরের নীতি অনুযায়ী শেয়ার করতে হবে৷ আরও বিশদ বিবরণ এই নির্দেশিকার চতুর্থ অংশে পাওয়া যাবে৷

## স্কুলে বা কলেজের মধ্যে সুরক্ষা ব্যবস্থার বিষয়ে উদ্বেগ থাকলে স্কুল বা কলেজের কর্মীদের কি করা উচিত

80. সমস্ত কর্মী এবং স্বেচ্ছাসেবকদেরকে অসন্তোষজনক বা অনিরাপদ যে কোনও ব্যবস্থা এবং স্কুল বা কলেজের সুরক্ষাবিধিতে সম্ভাব্য ব্যর্থতার বিষয়ে উদ্বেগ জানাতে পারা উচিত এবং এও জেনে রাখা উচিত যে এই ধরনের উদ্বেগগুলি উর্ধ্বতন দলীয় নেতৃত্ব গুরুত্ব সহকারে দেখবেন৷

81. এই উদ্বেগগুলি স্কুল বা কলেজের উর্ধ্বতন দলীয় নেতৃত্বকে জানানোর জন্য যথাযথ হুইসেলব্লোয়িঙ পদ্ধতি থাকা উচিত৷

82. যেখানে একজন কর্মী সদস্য তাদের নিয়োগকর্তার কাছে কোনও সমস্যা জানাতে অক্ষম হয় অথবা মনে করেন যে তাদের প্রকৃত উদ্বেগগুলির সমাধান করা হচ্ছে না, সেখানে হুইসেলব্লোয়িঙের অন্য দরজা তাদের কাছে খোলা রয়েছে:

- হুইসেলব্লোয়িং সম্পর্কিত সাধারণ পরামর্শ whistleblowing for employees (কর্মীদের জন্য হুইসেলব্লোয়িং)-এ পাওয়া যেতে পারে এবং
- NSPCC Whistleblowing Advice Line (NSPCC হুইসেলব্লোয়িং অ্যাডভাইস লাইন) হল একটি বিকল্প ব্যবস্থা, যা সেই কর্মীদের জন্য উন্মুক্ত যারা অভ্যন্তরীণভাবে শিশু সুরক্ষা-সংক্রান্ত ব্যর্থতা নিয়ে উদ্বেগ প্রকাশ করতে স্বাচ্ছন্দ্যবোধ করেন না অথবা তাদের স্কুল বা কলেজে কোনো উদ্বেগ যেভাবে পরিচালিত হচ্ছে তা নিয়ে শঙ্কিত৷ কর্মীরা 0800 028 0285 নম্বরে কল করতে পারেন – এই লাইনটি সোমবার থেকে শুক্রবার সকাল 08:00 টা থেকে রাত 20:00 টা পর্যন্ত এবং সপ্তাহান্তে সকাল 09:00 টা থেকে সন্ধ্যা 18:00 টা পর্যন্ত খোলা থাকে৷ ইমেইল আইডিটি হল help@nspcc.org.uk[19]

---

[19] এছাড়াও, কর্মীরা এই ঠিকানাতেও লিখতে পারেন: National Society for the Prevention of Cruelty to Children(ন্যাশনাল সোসাইটি ফর দ্য প্রিভেনশন অফ ক্রুয়েল্টি টু চিলড্রেন) (NSPCC), Weston House, 42 Curtain, Road, London.

ফ্লোচার্ট 1: কোনো শিশু সম্পর্কে উদ্বেগ থাকলে স্কুল বা কলেজের গৃহীত পদক্ষেপসমূহ

**স্কুল বা কলেজের কর্মীরা অবিলম্বে পদক্ষেপ নেন।** তারা তাদের প্রতিষ্ঠানের শিশু সুরক্ষা নীতি অনুসরণ করেন এবং **মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্বের** সাথে কথা বলেন। এই নির্দেশিকার চতুর্থ ভাগে বলা হয়েছে যে **কোনো কেসে কর্মীর বিরুদ্ধে উদ্বেগও জড়িত থাকলে কী পদক্ষেপ নিতে হবে।**

মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব সিদ্ধান্ত নেন যে শিশুদের সামাজিক যত্ন বিভাগে রেফারালের প্রয়োজন নেই। স্কুল বা কলেজ পেস্টোরাল সহায়তা বা একটি ফ্যামিলি হেল্প মূল্যায়ন বিবেচনা করে এবং স্থানীয়ভাবে পরিস্থিতি পর্যবেক্ষণ করতে থাকে। উদ্বেগ বাড়লে, স্কুল বা কলেজ একটি রেফারাল করে।

সব পর্যায়ে, কর্মীদের শিশুর পরিস্থিতি নিয়মিত পর্যালোচনার অধীনে রাখা উচিত (প্রয়োজন অনুসারে মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব বা তার ডেপুটিকে জড়িয়ে) এবং প্রয়োজনে পুনরায় রেফার করা উচিত। এর ফলে শিশুর পরিস্থিতির উন্নতি নিশ্চিত হবে। **শিশুর সর্বোত্তম স্বার্থ সবসময় সবার আগে থাকা উচিত।**

মনোনীত সুরক্ষা প্রদানকারী নেতৃত্ব সিদ্ধান্ত নেন যে শিশুদের সামাজিক যত্ন বিভাগে একটি রেফারাল প্রয়োজন (এবং প্রয়োজনে পুলিশকেও ডাকা হয়)। তারা স্থানীয় থ্রেশহোল্ড নথি ও মূল্যায়নের প্রোটোকলে বর্ণিত রেফারাল প্রক্রিয়া অনুসরণ করেন। Working together to safeguard children-এ আরও তথ্য রয়েছে।

একটি কার্যদিবসের মধ্যে স্কুল বা কলেজ থেকে একটি রেফারাল পাওয়ার পর, শিশুদের সামাজিক যত্ন বিভাগ প্রয়োজনীয় প্রতিক্রিয়ার ধরন সিদ্ধান্ত নেয় এবং রেফার করা স্কুল বা কলেজকে জানায়। রেফারাল করার পর গৃহীত পদক্ষেপগুলি ফ্লোচার্ট 2-এ দেখানো হয়েছে।

স্কুল এবং কলেজের কর্মীদের শিশুদের সামাজিক যত্ন বিভাগকে যথাসম্ভব সহায়তা করা উচিত।

ফ্লোচার্ট 2: শিশুদের সামাজিক যত্ন বিভাগে রেফারেল করার পর গৃহীত পদক্ষেপ

**স্কুল বা কলেজ থেকে একটি রেফারাল পাওয়ার এক কার্যদিবসের মধ্যে, শিশুদের সামাজিক যত্ন বিভাগ প্রয়োজনীয় প্রতিক্রিয়ার ধরন সিদ্ধান্ত নেয়।**

শিশুটিকে অবিলম্বে সুরক্ষার প্রয়োজন আছে বলে বিবেচনা করা হয়। শিশুদের সামাজিক যত্ন বিভাগ রেফার করা স্কুল বা কলেজকে তা জানায়।

**ধারা 47** অনুসন্ধান উপযুক্ত বলে বিবেচিত হয়। শিশুদের সামাজিক যত্ন বিভাগ রেফার করা স্কুল বা কলেজকে তা জানায়।

**ধারা 17** অনুসন্ধান উপযুক্ত বলে বিবেচিত হয়। শিশুদের সামাজিক যত্ন বিভাগ রেফার করা স্কুল বা কলেজকে তা জানায়।

আনুষ্ঠানিক কোনো মূল্যায়নের প্রয়োজন নেই। শিশু সামাজিক যত্ন বিভাগ তথ্যটি প্রেরণকারী স্কুল বা কলেজকে জানিয়ে দেয়।

সমাজকর্মী, পুলিশ বা NSPCC যথাযথ জরুরি পদক্ষেপ নেয়। এর মধ্যে একটি জরুরি সুরক্ষা আদেশ (EPO)-এর জন্য আবেদন করাও অন্তর্ভুক্ত থাকতে পারে।

শিশুটিকে উল্লেখযোগ্য ক্ষতির ঝুঁকিতে থাকা একটি শিশু হিসেবে চিহ্নিত করা হয়। চিলড্রেন অ্যাক্ট 1989-এর অধীনে, স্থানীয় কর্তৃপক্ষগুলি শিশুদের কল্যাণ রক্ষা ও প্রসারের উদ্দেশ্যে তাদের পরিষেবা প্রদান করতে বাধ্য। Working together to safeguard children-এ আরও তথ্য রয়েছে।

**অসহায় অপ্রাপ্তবয়স্ক (CiN)** হিসেবে চিহ্নিত করে যথাযথ সহায়তা দেওয়া হয়। চিলড্রেন অ্যাক্ট 1989-এর অধীনে, স্থানীয় কর্তৃপক্ষগুলি একটি CiN-এর কল্যাণ রক্ষা ও প্রসারের উদ্দেশ্যে তাদের পরিষেবা প্রদান করতে বাধ্য। Working together to safeguard childrenএ আরও তথ্য রয়েছে।

স্কুল বা কলেজ পেস্টোরাল সহায়তা এবং ফ্যামিলি হেল্প বিবেচনা করে। পারিবারিক সাহায্যের লক্ষ্য হল শিশুর জীবনের যেকোনো পর্যায়ে সমস্যা দেখা দেওয়ামাত্র সহায়তা প্রদান করা। ফ্লোচার্ট 1 দেখুন। Working together to safeguard children-এ আরও তথ্য রয়েছে।